India. Under the able guidance of late Sarat Chandra Saha (then Chief Minister of Assam), the experiment of entrepreneurship development was started in Assam in the year 1973. For the promotion and development of entrepreneurship, the Government of Assam set up Regional Centre known as Indian Institute of Entrepreneurship under the Ministry of Industry, Government of India. Besides it, the Government of Assam established district level agencies known as Entrepreneurial Motivation & Training Centre (EMTC) to identify, select and train its motivational development and other aspects of setting up and running an enterprise.

Entrepreneurship Development Programmes (EDPs) are organized by Government and non-Government organizations. These Programmes are target group oriented.

They are working in state's capital, district headquarters, sub-divisional towns, and in some particular remote areas. After selection of a proper enterprise, they organize proper training among educated unemployed youths to take up entrepreneurial career. Within the long thirty four years' history of Entrepreneurship Development Programme in Assam, a large number organizations are formed for solving the unemployment problems in various disciplines. Among them, SISI (Small Industries Service Institute), NSIC (National Small Industries Corporation), SIDBI (Small Industries Development Bank of India), IDBI (Industrial Development Bank of India) are important.

#### Socio-Economic Development

The terms social entrepreneur and social

entrepreneurship were featured in the literature on social change in the 1960's and 1970's.

Social entrepreneurship is a work of a social entrepreneur. A social entrepreneur is someone who recognizes, creates and manage a venture to make social changes. Social entrepreneurs assess their success in terms of impact they have on society. Social entrepreneurs often work through nonprofits and citizen groups, many work in private and government sectors.

By the social entrepreneurship various programme empowers women by providing education, cooperative farming, vocational training, saving plan, and business development. The Government of Assam formed Mahila Samitis (during the period of Chief Minister Late Hiteswar Saikia) in 1981 under every Geon Panchayat for socio-economic development of women of Assam. Now, these Samitis are doing P. D. S. (Public Distribution System) business. Because of lack of Government's supervision and financial assistance the development of these Samitis are stopped.

In recent years, changes in the global market place have significantly altered the character of the nation's workforce. Trends such as downsizing increased use of contingent contract and temporary employees, and new ways of delivering goods and services have dramatically transformed the way we work. Also, the number of small business and their impact on the nation's economy is on the rise. Small business ownership and self-employment options have the power to lower the traditionally high unemployment rate among people and help them achieve economic independence. For self employment schemes covered by PMRY (Prime Minister's Rozgar Yojana), relaxations have been announced by Centre as applicable to North

Eastern Region. PMRY scheme is being expanded to cover horticulture, piggery, poultry, fishery, small tea gardens etc.

Women constitute half of the population of the state and they have been entering into every field of economic activity nowadays. The Government of Assam is aware of the fact that the women entrepreneur should get due priority for their economic development as well as for meeting ends of social justice. To encourage the women entrepreneurs and to generate of employment among the women, the Government should give preference to them while allotting industrial sheds, developed plots in industrial area / estate / growth centre to the extent of 30%. The Government should also open a women cell in each and every DIC to face the need of women entrepreneurs. Apart from that, Government should also provide care for the women entrepreneurs for setting up industries and NABARD (National Bank for Agriculture and Rural Development) also should take care to promote entrepreneurship among women in rural and semi-urban areas.

#### Some practical example

These authors studied problems of some women entrepreneur in and around Dibrugarh area of Nagaon District (Assam). One woman, who started her business in 1984, is now the owner of a training cum sale centre of cutting, knitting and embroidery works. She took six months training on tailoring under D.I.C., Nagaon. Now, she is giving six months training to new comers. Every year around 100 students are successfully trained by her. Graduate and post-graduate students also taking admission in her institute, though reading up to class IX is the prescribed qualification for training. After the final examination students are getting certificate from the Institution.

Before 2002, every year the Government sent students (at least 50 per year) to the

institution. But now this system is abandoned by government. At least five to ten trained students of this institute took it up as their profession but they are not satisfied. Most of them engaged in tailoring, during our survey we have found that some youth engaged in cane and bamboo works also. During our survey, we have also found some other examples having same category.

#### Problems of the growth and development of entrepreneurship

There are many causes which are responsible for the negligible growth of entrepreneurship. The following are some important causes:—

- 1) They may not be able to access the capital needed to start business because the lack of financial assistance from Bank or Government agencies.
- 2) They may not have the information and resources they need to develop their business plan.
- 3) Traditional public service providers such as vocational rehabilitation professionals and workforce development professionals are implementing strategies and establishing private sector organizations to advance entrepreneurship as an effective route to economic independence for their clients.
- 4) The cheap rate and superior quality of machine made goods pose challenge for cottage industries. As a result small enterprises are becoming sick.

#### Suggestions for the development of entrepreneurship

1. The Government should find out the sick enterprises and immediately provide them with financial assistance.
2. The Government should open global market for local manufacturing goods through enterprises.
3. For the rapid economic growth, the Government should create some special economic zone for developing enterprise on

availability of raw materials.

4. The Government and NGO 's should offer free or lowcost counselling , training and technical assistance to individuals seeking to start their own business.
5. The Government and NGO's should provide free small business start-up advice through one to one counselling, group workshops and online resources.
6. The Government should extend all kinds of support at the time of starting enterprises
7. The institute of higher learning may be involved to extend support services for entrepreneurship development in the state through starting various courses, organising seminars, symposium and workshops on entrepreneurship development.

It is high time for all of us to work for creating entrepreneurial climate among people for solving dangerous and acute unemployment problems and achieving higher productivity and prosperity of our state and country. Therefore, all departments, NGOs and educational institutions should come forward to built an atmosphere for the development of entrepreneurship in the state.

#### References :

- 1) D.D. Mali, Entrepreneurship Development in North-East India .
- 2) B. Higgins, The Economic Development.
- 3) Arthur , H. Cole, Business Enterprise in Social setting, Cambridge University Press, 1959
- 4) Gupta, C.B. and Srinivasan, N.P.; Entrepreneurial Development , Sultan Chand and Sons, New Delhi, 1996
- 5) Bisht, N.S. Mishra. R.C., Srivastava , A.K., Entrepreneurship Reflections and Investigations.
- 6) S. Singh ; Entrepreneurship and social Change , Rawat Publications, Jaipur, 1985
- 7) Social Entrepreneurship ; Wikipedia, the free encyclopedia.
- 8) Entrepreneurship : A Flexible Route to Economic Independence.

□□□

## JOHN MILTON : A Brief Sketch of His Life And Writings

Aminul Islam  
TDC- 2nd Year



<b>Name:</b>	John Milton
<b>Birth Date:</b>	December 9, 1608
<b>Death Date:</b>	November 8, 1674
<b>Place of Birth:</b>	London, England
<b>Place of Death:</b>	London, England
<b>Nationality:</b>	English
<b>Gender:</b>	Male
<b>Occupations:</b>	poet

"Thy soul was like a star and dwelt apart;  
Thou hadst a voice whose sound was like the sea.  
Pure as the naked heavens, majestic, free,  
So didst thou travel on life's common way.  
In cheerful godliness: and yet thy heart.  
The lowliest duties on herself did lay .  
(From Wordsworth's "Sonnet on Milton")

It is generally agreed that the English poet after Shakespeare is John Milton, born in London and educated at Christ's College, Cambridge. After leaving the university, he studied at home in Horton, Buckinghamshire, and was grateful to his father for allowing him to do this instead of preparing for a profession. He lived a poor life, believing that he had a great purpose to complete. At college he was known as "The Lady of Christ's".

It is convenient to consider his works in three divisions. At first, he wrote his shorter poems at Horton. Next he wrote mainly prose. His three greatest poems belong to the last group.

At the age of 23 he had till done title in life, as he admits in a sonnet :

"How soon hath times, the subtle thief of youth,  
Stolen on his using my three-and-twentieth year.  
My hasting days fly on with full career  
And my late spring no bud on blossom showeth.  
" Among his other sonnets, he wrote one on his own blindness :

"When I consider how my light is spent,  
Ere half my days, in this dark world and wide,"  
Milton's studies at Horton were deep and wide. One of his notebooks contains pieces taken from eighty writers—Greek, Latin, English, French and Italian. At the same time he was studying music.

L' Allegro (the happy man) and Il Penseroso (the thoughtful man) (both 1632) are usually considered

together. In the first the poet describes the joys of life in the country in springs; outside in the fields in the morning, but at home in the evening, enjoying music and books. In the second poem, which is set in the autumn, he studies during the day and goes to a great Church in the evening to listen to the splendid music.

Lycidas (1637) is a sorrowful pastoral on the death by drownings of Edward King, who had been a student with Milton at Cambridge. In one part the poet argues that some men might think it useless to study hard, but the hope of fame drives the spirit onwards.


"Were it not better done, as others use,  
To sport with Amaryllis in the shade,  
Or with the tangles of Neaera's hair,  
Fame is the spur that the clear doth raise,  
To scorn delights and live laborious days."

Milton's prose works were mainly concerned with church affairs, divorce, and freedom. Many of them are violent in language, and have neither literary



## Poetry

THE LAND OF THE FAIRISHES



Joyashri Choudhury

## THE FAIRISHES

Joyashri Choudhury  
Lecturer, Deptt. of English

Make haste !  
Christmas is come  
Sleep is incomplete  
Not unless a fairy,  
Two fairies, the fairishes  
Enter my dream.  
They are busy , the fairishes  
Putting on that extra sheen  
On their siluer and golden wings  
It's Christmas !  
The gloss, the dazzle must need be there  
No matter what  
A fairy without the Christmas cleaning  
Would find a doubtful welcome

Every shephered lad and lass  
Every child, weeping or smiling  
Dream of beautiful Fairishes  
To come peeping out from  
the windows outside  
Standing atop the broken flower pots  
Waving their magical wands  
From which come forth  
Numerous white , fiery stars .  
Desperately avoiding the eyes  
of the Elders  
Sipping their wines in polished glasses . .  
They bounce forth into the  
Inner recess of the child's heart  
Which all children keep unlocked  
In this season .

No sorrow need ever overcast a Child's features  
When Christmas is not far away  
Thoughts of the fairishes  
Makes all children deliriously excited  
And with the great bounty of White stars  
Literally overlapping the waves of the heart star  
From the wand of the fairishes  
Would stand it in good stead  
In the cold, wintry months ahead .  
This Christmas I'd cajole and  
bestir my mature self

To be a child once again  
And scheme out to hoodwink  
the good Fairishes themselves .  
I am wondrous fond of them ,  
This last Christmas,  
Burdened with an 'excess of  
excessiveness' of ill luck  
I no longer would remain satisfied  
being an 'extra'  
I want to be the actor myself  
This Christmas .

I make so bold as to believe  
The fairishes would flutter  
their wings at my  
window and let fall  
A thousand stars onto  
My lap, this Christmas .

What is it that the  
frosty air is trying to tellme ?  
The slow , crunchy steps  
on the cobblestones .  
Or should I indulge in  
Melancholy  
And spoil my Christmas  
Melancholy as Dickens has said  
Is the cheapest and most accessible  
of luxuries

I do not want to access  
cheap luxuries' cause  
The good, old fairishes have let fall  
Tens, hundreds and a thousand  
billion stars onto my lap  
Some I would keep for rainy days  
Some I would distribute among  
My poor neighbours  
And some I'd keep hidden  
in my closet  
And bury my face in them-  
And thank the sweet fairishes .

□□□

Ode to Autumn


*Ruma Dutta*  
Dept. of History

Come, Autumn, come  
and let me say  
I like you very much .  
You are full of promises  
and a festive mood fills the air  
when you come.  
You change nature  
with promising colours  
and pined beauty  
and takes my heart  
far away to the past .  
You are always like an oasis  
to the the thirsty travellers  
of the Desert .  
Come, Autumn,  
to say good bye to summer ,  
to welcome the winter  
like a teenage girl  
just leaving her girlhood ,  
to enter into promising youth  
with a blooming heart,  
to share and care,  
to make the world happier .  
Come, Autumn, come.

□□□

WOMAN

*Shah Mohd. Raqibul Hasan*  
T.D.C. part-III.



A woman is a source of life —  
A mother, a sister and a wife.  
She is so humble and divine .  
A person like her is hard to find.  
She is so loving and so caring;  
She is the one who is so sharing.  
She is the one who doesn't claim respect.  
But that's the thing she has to get,  
Because respect is the thing she is fit for.

□□□

Love and Beauty

*Nitul Siraj Khan (out going)*  
TDC 3rd Year

At 4:30 P.M. in the evening,  
I , standing on the Lover bridge,  
Where I see the beauty of nature.  
As it is the season of spring.  
The flowers are blooming everywhere.  
Leaves of the trees, shrubs have come out  
The river flows gently,  
The atmosphere is greenish and lovely.  
To surprise me, a beautiful girl  
Comes at the corner of Girls' College .  
She looks like a fairy.  
Her nose is aquiline , eyes are like deer,  
She is silm, tall and  
Her hair is half black silky.  
She is in uniform of Nagaon College.  
Her hair is long and flowing  
By the pleasant air of river,  
Which makes me motionless for a moment  
She passes by me silently .  
I never saw such a beauty,  
For which I fall in love  
At the first sight  
But I do not know, who she is ?  
What her name is ?  
And from where she comes.  
I want to see her for ever  
I offer my thanks to God  
For making such a creature.  
And suddenly the earth looks like heaven  
A heaven on earth .



□□□

What My Heart Feels For You

*Md. Aminul Islam .*  
TDC 2nd Year


Instead of saying, I love you  
To her whom I love,  
I will mention her in my prayer  
To bless her future .  
  
Instead of saying, I miss you  
When I really missed her.  
I will write a letter to her saying  
I am with you forever.  
  
Even if we are miles away  
Instead of saying :  
Spend an hour with me  
When I really want her beside me  
I will say :  
My dear , take care .  
  
After all, if I am in love with her,  
I must guide her to the right attire .

□□□

□□□

Value of time

*Md. Ikramul Hussain (outgoing)*  
B.A. 3rd Year



- To realise the value of ONE YEAR,  
Ask a student who has failed the final exam.
- To realise the value of ONE MONTH,  
Ask a mother who has given birth to a premature baby.
- To realise the value of ONE WEEK,  
Ask the editor of a weekly newspaper.
- To realise the value of ONE DAY,  
Ask a daily wage labourer who has ten kids to feed.
- To realise the value of ONE HOUR,  
Ask the lover who is waiting to meet.
- To realise the value of ONE MINUTE,  
Ask a person who has just missed the train.
- To realise the value of ONE SECOND,  
Ask a person who has survived an accident.
- To realise the value of ONE MILLI SECOND,  
Ask the person who won a silver medal  
in the olympics.

□□□

Loneliness

*J. Heris Stevn*  
B.A. 1st year.


I feel so lonely,  
I don't even have a friend;  
It's so tragical for me,  
Help me I can't stand this loneliness.

Since I'm also a social being  
I want to be a friend of this world;  
I need someone to love me,  
To guide and encourage me;  
But when I look around  
I can hardly see anyone.

Like a deserted island  
With no friend  
With mere loneliness all around  
Towards the east, west, north and south  
I call  
But there's no one to answer my call  
There's no one to hear my heart's breathing.

□□□

# বাংলা বিভাগ



রবীন্দ্রনাথ ঠাকুর (১৮৬১-১৯৪১): কবি এবং দার্শনিক। 'গীতাঞ্জলি' রচনার জন্য ১৯১৩ সনে সাহিত্যের নোবেল পুরস্কার লাভ। ভারতের রাষ্ট্রীয় সংগীতের রচয়িতা। 'শান্তি নিকেতনে'র প্রতিষ্ঠাতা। ভারতীয় সাহিত্যকে বিশ্ব দরবারে নিয়ে যাওয়াও তাঁর বিশেষ অবদান।  
বচিত পুথি : 'গোরা', 'গীতাঞ্জলি', 'সোনারতরী', 'চৈতালী', 'কল্পনা' আদি।

## ‘নিখিল আসাম বাংলা ভাষা ও সাহিত্য সম্মেলন’- এর প্রথম অধিবেশনঃ একটি আলোকপাত প্রশান্ত চক্রবর্তী

॥ এক ॥

শিলং । পাহাড়ের রানি ! অবিভক্ত অসমের রাজধানী; এই তো সেদিন, ১৯৭৩ পর্যন্ত - হাত বাড়ালেই ছুঁয়ে ফেলা যায় । শ-দেড়েক বছরের পথচলা তার । এরই মধ্যে বঙ্গ-ভুবনের সঙ্গে তার নিবিড় যোগ গড়ে উঠেছে । বাঙালির সাহিত্য-সংস্কৃতির ভুবনজোড়া বিস্তারে এক কোণে উঁকি দেয় শিলংও । আর সেদিনের বৃহত্তর অসমের রাজ-কেন্দ্র হিসাবে এর গুরুত্ব তো অপরিসীম । গুয়াহাটি-শিলং-সিলেট-স্পষ্ট একটা করিডর-রেখা বেঁধে দিয়ে এতদঞ্চলের বাঙালির আত্মপ্রতিকৃতি নির্মাণের অদৃশ্য সাঁকো তৈরি হয়েছে সেদিন । সেদিন মানে কবে ? উনিশ শতকের দ্বিতীয়ার্ধ থেকে বিংশ শতকের প্রথমার্ধ - এই কালপর্বে ।

উনিশের দ্বিতীয়ার্ধেই আক্ষরিক অর্থে শিলঙের ব্রিটিশ উপনিবেশ শুরু । ব্রিটিশ উপনিবেশিক সত্তার হাত ধরে এর জন্ম ও বিবর্তন । এরপর নয়া উপনিবেশ বঙ্গের বাবু সম্প্রদায়ের আনাগোনা শুরু । দুর্গম পাকদণ্ডী পাহাড়ি পথ বেয়ে উকিল-মহুরি-শিক্ষক-কেরানি-ব্যবসায়ীকুলের আগমন । নয়া বসতিতে নয়া-নয়া মানুষের জটলা । নয়া স্বপ্ন, নয়া বন্দোবস্ত, নতুন জীবন । এই করেই ১৮৬০ - এর দশকে শৈলভূমিতে চড়াই-উতড়াইয়ের মধ্যখানে বন কেটে বসতির জোরকদম শুরু । ১৮৬৬-এর ২৮ এপ্রিল চেরাপুঞ্জি থেকে খাসিয়া-জয়ন্তিয়ার সদরকে নব্য-গঠিত শিলঙে তুলে আনা হলো । পাহাড়ের খাঁজে-খাঁজে জননৌকো দুলে-দুলে তরঙ্গ বাড়াল, আর সেই তরঙ্গে গড়ে উঠল ছোট-ছোট জনপদ । এরপর দীর্ঘ পঁয়ত্রিশ-চল্লিশ বছর ধরে নব্য-শহুরে জীবনের পথচলা । সিলেট থেকে উত্তরবঙ্গ— এই দুই প্রান্তীয় বাঙালি অধ্যুষিত এলাকার মধ্যবর্তী কেন্দ্র হিসেবে ব্রিটিশ উপনিবেশ শিলঙেও বঙ্গীয় জীবন ত্বরান্বিত হতে দেরি হয়নি । ১৮৭৪-এ অসমকে চিফ কমিশনার শাসিত প্রদেশ হিসেবে ঘোষণা করা হয় এবং গোয়ালপাড়া, কাছাড় ও শ্রীহট্ট জেলাকে নবগঠিত প্রদেশের আওতায় এনে এর পরিসর বৃদ্ধি করা হয় শাসনযন্ত্র কায়েম রাখার স্বার্থে । নয়া প্রদেশের নয়া রাজধানী শিলং । স্বভাবিকভাবেই, গোয়ালপাড়া

এবং সিলেট অর্থাৎ বঙ্গজীবনের প্রান্তীয় অঙ্গ শিলঙেরে অঙ্গাঙ্গী যুক্ত হয়ে গেল কাজের সুবাদে । এবং অচিরেই শিলঙে বঙ্গীয় সাহিত্য-সংস্কৃতির একটা পরিমণ্ডল গড়ে উঠল ।

॥ দুই ॥

শিলঙের বঙ্গীয়-সাহিত্য-পরিষদ, বস্তুত, শিলঙের বঙ্গীয় জীবনের ইতিহাসের সঙ্গে নিবিড়ভাবে যুক্ত । বঙ্গীয়-সাহিত্য-পরিষদ আয়োজিত আলোচ্য ‘নিখিল আসাম বাংলা ভাষা ও সাহিত্য সম্মেলন’- এর প্রথম অধিবেশন সম্পর্কে আলোকপাতের পূর্বে অন্তর্বর্তী একটি বহুতা স্রোতের কথা বলতেই হয় ।

উনিশ শতকের শেষের দুই দশকে শিলঙে বঙ্গীয় সাংস্কৃতিক পরিমণ্ডল দ্রুত দাঁ বাঁধতে শুরু করে । কলকাতায় ‘বঙ্গীয়-সাহিত্য-পরিষদ’ প্রতিষ্ঠার আগেই শিলঙে ‘শিলং সাহিত্য সভা’ প্রতিষ্ঠিত হয় । ১৮৯৩—এ পদ্মনাথ বিদ্যাবিনোদের চাকরিসূত্রে শিলং আগমন এই কর্মকাণ্ডে নতুন মাত্রা এনে দিল । পদ্মনাথের উদ্যোগে ও সম্পদনায় প্রকাশিত হয় ‘সাহিত্য সেবক’ পত্রিকা ; এতদঞ্চলের লিটল ম্যাগাজিন আন্দোলনের সূচনা তখন থেকে বলা চলে । এরপর কলকাতার ‘বঙ্গীয়-সাহিত্য-পরিষদ’— এর একটি শাখারও সূচনা হয় শিলঙেই । প্রকৃতপক্ষে, ‘বঙ্গীয়-সাহিত্য’-পরিষদ— এর শাখা গঠনের প্রস্তাব কলকাতায় প্রেরণ করেছিলেন । ‘শিলং সাহিত্য সভার’ই অন্যতম কর্ণাধার হরিচরণ সেন । এবং ‘সারাভারতবর্ষ ব্যাপী বঙ্গীয় সাহিত্য-পরিষদের শাখা পরিষদ স্থাপন পরিকল্পনার’ সূচনা হয় হরিচরণেই চিঠির সূত্র ধরে ।’



মূল সভাপতি এচ. ওয়াজেদ আলি

শিলঙে প্রতিষ্ঠিত কলকাতা 'বঙ্গীয়-সাহিত্য-পরিষদ' — এর শাখা-পরিষদের কার্যাবলির বিস্তারিত বিবরণ এখানে উদ্ধার করা যায়নি যদিও, বোঝা যায় দশকের পর দশক ধরে কিছু-কিছু কর্মকাণ্ড চলেছিল। ১৩১৮ বঙ্গাব্দের ১০ কার্তিক কলকাতায় অনুষ্ঠিত কার্যনির্বাহক সমিতির অনুমোদন অনুযায়ী পরিষদের ৮নং শাখা রূপে স্বীকৃতি পায় 'গৌহাটি' শাখা; যা বছর দুয়েক 'বঙ্গীয় সাহিত্যানুশীলনী সভা' নামে চিহ্নিত ছিল।<sup>২</sup> গুয়াহাটির এই সাহিত্যসভায় শিলঙের বাঙালি বিশিষ্টজনেরা অংশ নিতেন ও প্রবন্ধ-নিবন্ধাদি পাঠ করতেন। পদ্মনাথ তখন গুয়াহাটিতে কটন কলেজে কর্মরত এবং তিনিই এই সভার প্রাণপুরুষ। আবার, সরকারি সদর হিসাবে ও অন্যান্যসূত্রে গুয়াহাটির বিদ্বজ্জনদেরা শিলঙে আনাগোনা করতেন। তাছাড়া, শিলঙে তখন বঙ্গদেশের বাঙালিবাবুদের শৈলনিবাস গড়ে উঠেছে। অনেক স্নানামথন্য ব্যক্তি শিলঙে একটি প্রবাস-বাসস্থান কিনে যাতায়ত শুরু করেছেন। শিলং একটি মনোরম ভ্রমণস্থল হিসেবেও দৃষ্টি আকর্ষণ করল সে-সময়। বিংশ শতকের প্রথম দু-তিন দশকে বিবেকানন্দ, আশুতোষ, রবীন্দ্রনাথ, সুভাষচন্দ্র প্রমুখ বঙ্গীয় সমাজের শ্রেষ্ঠ মানুষেরা শিলং ভ্রমণে এসেছিলেন। ডাক-তার-রেল-জলপরিবহন-চা-বাগান-আদালত ইত্যাদি ক্ষেত্র ছাড়াও কটন কলেজ স্থাপনের মধ্য দিয়ে উভয় শহরেই শিক্ষিত, মার্জিত, দূরদর্শী ও সংস্কৃতমনস্ক বাঙালিদের সমাবেশ ক্রমশ বাড়ছেই। অনেকেই পাকাপাকি শেকড় গেড়ে বসেছেন। এদিকে ব্রহ্মপুত্র উপত্যকায় ছোট-ছোট জনপদে 'কালিবাড়ি', 'নাট্যসম্মেলনী', 'হরিসভা' জাতীয় প্রতিষ্ঠানের বীজ দেখা যাচ্ছে। গুয়াহাটি, নগাঁও, ধুবড়ি, তেজপুর, ডিগবয়, ডিব্রুগড়, জোড়হাট প্রভৃতি, জায়গায় বাংলা ভাষা-সাহিত্য-সংস্কৃতির জোয়ার ওঠে। অসমে প্রতিষ্ঠিত হয় 'প্রবাসী বঙ্গ-সাহিত্য-সম্মেলন'-এর শাখা, যা এখন 'নিখিল-ভারত বঙ্গ-সাহিত্য-সম্মেলন' নামে পরিচিত। আর, এদিকে, শিলঙেও ১৯২৮ এ 'রিলবং লিটারারি ইনস্টিটিউট' বা পাঠাগার জাতীয় সম্ভাবনাময় প্রতিষ্ঠান প্রতিষ্ঠিত হচ্ছে। লাবান, রিলবং ইত্যাদি জায়গায় বাঙালিরা ধীরে-ধীরে সাহিত্য-সংস্কৃতির আভা জোরদার করেন এ-সময়ই। রবীন্দ্রনাথের তিনবার শিলং ভ্রমণ (১৯১৯, ১৯২৩ এবং ১৯২৭ খ্রিষ্টাব্দে) শিলংবাসী বাঙালিমনে দাগ কেটে যায়। এই পর্বে ১৯৩৪-এ শিলং থেকে প্রকাশিত হয় 'শিলং বার্ষিকী' পত্রিকা। স্বয়ং রবীন্দ্রনাথের লেখায় এ-পত্রিকা ধন্য হয়েছিল। আসলে বিংশ শতকের

ত্রিশের দশকে এতদধরলে সাহিত্য-সংস্কৃতির একটা স্বতন্ত্ররূপ দেখা দেয়। শিলঙের হেম চট্টোপাধ্যায় বা গুয়াহাটির সত্যভূষণ সেনের মতো উৎসাহী ব্যক্তিবর্গ সর্বভারতীয় সাহিত্য সম্মেলনে যোগ দিতে শুরু করেন। ফলে সংগঠনিক গুরুত্ব বাড়তে থাকে। এরই ফলশ্রুতি হিসেবে ১৯৩৮-এ গুয়াহাটিতে অনুষ্ঠিত হয় 'প্রবাসী বঙ্গ-সাহিত্য-সম্মেলন'-এর ষোড়শ অধিবেশন। প্রধান অতিথি হয়ে এলেন অনুরূপা দেবী। গোটা অবিভক্ত অসম এতে অংশ নেয়। এবং উত্তর-পূর্বাঞ্চলে এটিই প্রথম সর্বভারতীয় কোনো বঙ্গীয় সম্মেলন। ঠিক তার এক বছর আগে শিলঙে এক নতুন যুগের সূচনা হয়। শিলঙে ১৯৩৭-এর ৯ মে স্বতন্ত্রভাবে 'বঙ্গীয়-সাহিত্য-পরিষদ' নামে একটি প্রতিষ্ঠান জন্ম নেয়। সম্ভবত, এটি কলকাতার 'বঙ্গীয়-সাহিত্য-পরিষদ'-এর শিলং শাখারই বর্ধিত সংস্করণ। এই প্রতিষ্ঠানটির মধ্য দিয়ে শিলঙে বঙ্গীয় সাহিত্য-সংস্কৃতির ধারাটিকে আরও সংহত রূপ দেওয়ার চেষ্টা চলে। ক্ষিতীন্দ্রচন্দ্র চৌধুরী, তারাপদ ভট্টাচার্য, কুমুদরঞ্জন ভট্টাচার্য প্রমুখ বিশিষ্ট ব্যক্তির নবউদ্যমে ঝাঁপিয়ে পড়েন। ১৯৩৮ থেকেই নবগঠিত 'শিলং বঙ্গীয়-সাহিত্য-পরিষদ'-এর বৃহৎ কর্মকাণ্ড শুরু হয় :

'তারাপদবাবুর নেতৃত্বে ১৯৩৮ সালে বঙ্গীয় সাহিত্য পরিষদের, শিলং শাখা সাহিত্য সম্রাট বঙ্কিমচন্দ্রের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন করে। চারদিন ব্যাপী উদ্‌যাপিত এই অনুষ্ঠানই ছিল শিলং এবং সাহিত্য পরিষদের জীবনের সর্বপ্রথম বৃহৎ সাহিত্যিক সমাবেশ।'<sup>৩</sup> এতে অংশগ্রহণ করেন কলকাতা বিশ্ববিদ্যালয়ের স্নানামথন্য অধ্যাপক খগেন্দ্রনাথ মিত্র। অভ্যর্থনা সমিতির সভাপতি রায় বাহাদুর প্রমোদচন্দ্র দত্ত। প্রথম থেকেই এই প্রতিষ্ঠান প্রতি বছর নানা ধরনের উৎসব অনুষ্ঠানের আয়োজন শুরু করে। ঋত্বিক ঘটকের পত্নী, শিলং বঙ্গীয় সাহিত্য পরিষদ-এর অন্যতম প্রাণপুরুষ কুমুদরঞ্জন ভট্টাচার্যর কন্যা সুরমা ঘটক লিখেছেন :

'...সাহিত্য পরিষদের প্রথম যুগে দ্বাদশ বর্ষ (১৯৩৭-৪৯) চলল একটানা সাহিত্য সাধনা। কলকাতা, ঢাকা, শ্রীহট্ট, গৌহাটি থেকে প্রথিতযশা সাহিত্যিক গোষ্ঠীর মধ্যে ছিলেন — বাঙালি, অসমীয়া ও খাসিয়া। অনুষ্ঠিত হয় দুইটি নিখিল আসাম বঙ্গভাষা ও সাহিত্য সম্মেলন।'<sup>৪</sup>

সুরমা ঘটক কথিত এই দুই সম্মেলনের প্রথমটির বিষয়ে আমরা আলোকপাত করব এ-নিবন্ধে। এই সম্মেলনের পটভূমিকা হিসেবে উপযুক্ত গৌরচন্দ্রিকাটির অবতারণা করা হলো।

## ॥ তিন ॥

উল্লিখিত পটভূমিতে একটা বিষয় স্পষ্ট যে, শিলঙের বঙ্গীয় সাহিত্য পরিষদ-এর জন্মালগ্ন পর্যন্ত বৃহত্তর অসমের বাঙালির সাহিত্য-সংস্কৃতি চর্চার সামূহিক কোনো সংগঠন ছিল না। যে সংগঠন গুলি বিভিন্ন কর্মকাণ্ড হাতে নিয়েছিল তার কেন্দ্র ছিল কলকাতা তথা বহির্ভাগ। আর বৃহত্তর অসমের বাঙালি অধ্যুষিত জনপদ বা পকেটের মধ্যে যোগসূত্রটিও নিবিড় ছিল না তখন (আজও কি আছে?)। তাই নৈকট্যের সন্ধানে শিলঙের বঙ্গীয়-সাহিত্য-পরিষদ নতুন করে ভাবনাচিন্তা শুরু করল। কুমুদরঞ্জন ভট্টাচার্যর ভাষায় :

'আসাম প্রদেশের বিভিন্ন অঞ্চলের স্থায়ী অধিবাসী ও প্রবাসী বাঙালী সমাজ বিচ্ছিন্নভাবে বঙ্গভাষা ও সাহিত্যের সেবা করিয়া আসিতেছেন। এই বিচ্ছিন্ন প্রচেষ্টাকে একীভূত করার প্রয়োজনীয়তা বিশেষভাবে উপলব্ধি করিয়া বঙ্গীয় সাহিত্য পরিষদ শিলং শাখা... এই মর্মে একটি প্রস্তাব গ্রহণ করেন যে প্রতিবৎসর একটি নিখিল আসাম বঙ্গসাহিত্য ও সংস্কৃতি সম্মেলন আসাম প্রদেশের সমগ্র বাঙালী সমাজের ভাষা, সাহিত্য ও সংস্কৃতির উপযুক্ত মিলনক্ষেত্রে পরিগণিত হইতে পারে।'<sup>৫</sup>

প্রস্তাবটি গ্রহণ করা হয় ২৫ ফেব্রুয়ারি ১৯৪৫-(১৩ ফাল্গুন ১৩৫১ বঙ্গাব্দ)-এ বঙ্গীয় সাহিত্য পরিষদ-এর নিজস্ব সভায়। এদিনের সভায় পৌরোহিত্য করেন পরিষদের স্থায়ী সভাপতি রায় বাহাদুর যতীন্দ্রনাথ চক্রবর্তী।



সাহিত্য-শাখার সভাপতি তারা শঙ্কর

প্রাথমিক আলোচনা চলল সারা শিলঙের বিভিন্ন ছোট-বড় সংগঠনের কর্মকর্তাদের মধ্যে। এগিয়ে এলেন শিলং জেল রোড বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা সুবর্ণপ্রভা দাস। ইনি আমাদের পরম শ্রদ্ধেয়া অঞ্জলি লাহিড়ির মা; শ্রীহট্ট-গৌরব ডা. সুন্দরীমোহন দাসের পুত্রবধু। বঙ্গীয় সাহিত্য পরিষদ, শিলং সাহিত্য চক্র, মুসলিম সাহিত্য সংসদ, রবীন্দ্র স্মৃতি গ্রন্থাগার ও রবীন্দ্র পাঠাগারের সম্পাদকেরা মুখ্য ভূমিকা

নিলেন। ডাকা হলো শিলঙের সর্বস্তরের বাঙালিকে। ৭ মার্চ ১৯৪৫-এ (২৪ ফাল্গুন ১৩৫১) জেলবোড় বালিকা বিদ্যালয়ে সভা আহ্বান করা হলো। সভাপতির আসন অলংকৃত করলেন তদানীন্তন 'আসাম ব্যবস্থাপক সভা'র সভাপতি বসন্তকুমার দাস। এ-সভায় 'নিখিল-আসাম বাংলা ও সাহিত্য সম্মেলন' নামে একটি স্থায়ী প্রতিষ্ঠান গড়ার সংকল্প সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। প্রাথমিকভাবে ৬৬ জন সদস্য নিয়ে সাধারণ কার্যকরী সমিতিও গঠিত হলো। অসমের তখনকার অ্যাডভোকেট জেনারেল পরেশলাল সোম এর সভাপতি রূপে কার্যভার গ্রহণ করেন। সহকারী সভাপতি তিনজন - রায় বাহাদুর যতীন্দ্রনাথ চক্রবর্তী, সতীশচন্দ্র রায় ও সৈয়দ মুর্তাজা আলি। সতীশচন্দ্র শ্রীহট্টের কৃতি রবীন্দ্রস্নেহন্য ছাত্র, কটন কলেজের প্রথম ভারতীয় অধ্যক্ষ ও পরবর্তীকালে অসমের ডি.পি.আই.; একাধারে শিক্ষাবিদ, সাহিত্যিক ও দার্শনিক। আর সৈয়দ মুর্তাজা আলি চৈয়দ মুজতবা আলির মধ্যম অগ্রজ; তিনি তখন অসম সরকারের উচ্চপদে কর্মরত। সম্পাদকও তিনজন। অধ্যাপক সত্যেন্দ্রচন্দ্র মজুমদার, মৌলবি আমিনুল হক ও কুমুদরঞ্জন ভট্টাচার্য। অবশ্য আমিনুল হক পারিবারিক অসুস্থতার জন্য দায়িত্বভার পালন করতে পারেননি।

নবগঠিত এই মহাসংঘে শিলঙের আপামর বাঙালি জনগণের অকুণ্ঠ সহযোগিতা পাওয়া গিয়েছিল। সরকারি কর্মচারী, অধ্যাপক, উকিল, পৌরসভার কর্মচারী, ব্যবসায়ী, বিভিন্ন সাংস্কৃতিক গোষ্ঠীর প্রতিনিধিরা দল-মত সম্প্রদায় নির্বিশেষে কর্মপরিষদ ও অভ্যর্থনা সমিতিতে যোগ দেন। গঠিত হয় ছোট-ছোট উপসমিতি। এগুলির সভাপতি ও সম্পাদক এবং সাধারণ নির্বাহক সমিতির সম্পাদক-সভাপতিকে নিয়ে একটি কর্ম পরিষদ (Core committee) সব দায়িত্বভার ও পরিকল্পনা গ্রহণ করে।

১৯৪৫-এর ১৩, ১৪ ও ১৫ এপ্রিল (৩০ চৈত্র ১৩৫১ এবং ১ ও ২ বৈশাখ ১৩৫২ বঙ্গাব্দ) সম্মেলনের প্রথম অধিবেশনের সম্ভাব্য তারিখ ঠিক করা হলো। হাতে কয়েক সপ্তাহ মাত্র সময়। যোগাযোগ করা হলো অসমের প্রায় সব বাঙালি অধ্যুষিত অঞ্চলের সঙ্গেই। চিঠি উড়ে গেল শহরে-শহরে। বিভিন্ন স্থানের উদ্যোগী বাঙালিরা প্রতিনিধি হিসাবে যোগদানের সন্মতি জানালেন। যোগাযোগ করা হলো কলকাতা তথা বঙ্গদেশের অন্যান্য স্থানেও। শান্তিনিকেতন ও কলকাতার বিশিষ্ট কাউকে আনা যায় কিনা সে-স্বাপ্নও বাস্তব

রূপ দেওয়ার জোর প্রস্তুতি শুরু হলো। সব মিলিয়ে সাজ-সাজ রব। কিন্তু এত বড় কর্মকাণ্ডের জন্য উপযুক্ত স্থান ও প্রতিনিধি শিবির কোথায়? বঙ্গীয় সাহিত্য পরিষদ-এর নিজস্ব ভবন তো তখনও নেই। সুবর্ণপ্রভার উদ্যোগে জেলরোড বালিকা বিদ্যালয় প্রাঙ্গণ পাওয়া গেল। মূল অনুষ্ঠানের সুরাহা হলো বটে কিন্তু প্রতিনিধিবর্গের থাকা-খাওয়ার বন্দোবস্ত কী করে হবে? জেলরোড উচ্চ ইংরেজি বিদ্যালয় কর্তৃপক্ষ প্রতিনিধি-শিবিরের অনুমতি দিলেন। তা-ও সমস্যার সম্পূর্ণ সমাধান হয় না। আগত্যা অভ্যর্থনা সমিতির সদস্যরা নিজ-নিজ বাড়িতে দু-একজন করে প্রতিনিধির আহ্বারাদির ব্যবস্থা গ্রহণ করলেন। এগিয়ে এলেন হানিফ সাহেব, উষা ভট্টাচার্য, লীলা রায়, মোহিতরঞ্জন গুপ্ত, সতীশচন্দ্র ভট্টাচার্য, শিবেন্দ্রকুমার ভট্টাচার্য, উপেন্দ্রনাথ দত্ত প্রমুখ উদারহৃদয় ব্যক্তিবর্গ। বাসস্থান-আহারের একটা সুবন্দোবস্ত হয়ে গেল।

মহৎ কাজে মাধুকরীর কি অভাব হবে? তিন-চার সপ্তাহ হাতে। চাঁদা, দান-সংগ্রহ অভিযানে যুক্ত হলেন জ্ঞানেন্দ্রকুমার দত্ত, শ্রীশচন্দ্র গুপ্ত, সতীশচন্দ্র চক্রবর্তী, সৈয়দ আব্দুস সত্তার প্রমুখ। আর সমিতির সভ্যগণের তো চাঁদা আছেই। ১০০ টাকা করে চাঁদা দিলেন সতীশচন্দ্র রায় স্বয়ং, সঙ্গে রায় বাহাদুর রামেশ্বরলাল সাহারিয়া, সনৎকুমার দত্ত। ৫০ টাকা করে দিলেন রাজা অজিতনারায়ণ দেব বাহাদুর, জগদীশ গোপাল। ৩০ টাকা করে দিলেন রাখারঞ্জন ধর, রায় সাহেব যোগেশচন্দ্র দাশ, রণজিৎনারায়ণ চৌধুরী, সুবিমল দত্ত। শিলং মহিলা সমিতি ও রামমোহন লাইব্রেরিও ৩০ টাকা করে চাঁদা দিল। ২৫ টাকার তালিকায় পাওয়া যাচ্ছে: সুশীলা সেন, মনোয়ার আলি, পরেশলাল সোম, ডি.জি. লোহিয়া, অসিতচন্দ্র সেন, এল. সিং, রঘুনাথ সিং, অনাথবন্ধু দত্ত, প্রীতিমোহন দত্ত, কালীপ্রসন্ন চক্রবর্তী, নীহারানন গুহ, অর্জুনদাস নন্দকিশোর। ২০টাকার তালিকাটিও মন্দ নয়। স্বয়ং অসমের স্পিকার বসন্তকুমার দাস, ডা. পরেশচন্দ্র গুহ, আর. গোয়েন্ধা, আব্দুস সত্তার বিজয়কুমার দত্ত, হীরেন্দ্রচন্দ্র চক্রবর্তী, সৈয়দ মুর্তাজা আলি, মহীউদ্দিন আহাম্মদ চৌধুরী। ১৫ টাকা করে দিলেন চারজন- বিশ্বমোহন লাহিড়ি, রবীন্দ্রনাথ সেন, অনুকূলচন্দ্র লাহিড়ি ও বঙ্কিমচন্দ্র খাঁ। ১০ টাকার দাতৃগণের তালিকা বেশ বড়। উল্লেখযোগ্য ক'জন হলেন: রায় বাহাদুর প্রমোদচন্দ্র দত্ত (সি.আই.ই), রায় বাহাদুর যতীন্দ্রনাথ

চক্রবর্তী, কৃপেশচন্দ্র ভট্টাচার্য, প্রেমানন্দ দাশ প্রমুখ। ৫ টাকা, ৩ টাকা, ২ টাকা, ১ টাকা এবং আট আনা প্রদানকারীদের তালিকা দীর্ঘ। তালিকাটি এ-রচনার পরিশিষ্টে যুক্ত হলো। তালিকাটি সম্পূর্ণ প্রকাশ করার কারণ এতে বোঝা যায় যে, সেদিনকার এই বিরাট কর্মক্ষেত্রে কত মানুষের সাহায্যের হাত এগিয়ে এসেছিল। রামের সেতুবন্ধনে কাঠবিড়ালিরও একটা ভূমিকা ছিল। সাধারণত এ-জাতীয় কর্মকাণ্ডে প্রদীপের ওপরটাই দেখা যার- যাঁরা নীরবে যথাসাধ্য সাহায্য করে সভ্যতার সলতেটিকে জিইয়ে রাখেন তাঁদের অবদান কোনো অংশেই কম নয়। এঁদের আমরা সচরাচর কার্য-উদ্ভারের পর ভুলে যাই। কালগর্ভে হাবিয়ে যান এই নীরব দধীচিরা। শিলঙের সেদিনের কর্মকর্তারা এবিষয়ে সচেতন ছিলেন এবং পাই-আনা সহ সমস্ত মানুষের পূর্ণাঙ্গ তালিকাটি আমাদের জন্য, ভাবীকালের জন্য রেখে গিয়েছিলেন। তাঁরা ধন্যবাদার্থী। এই তালিকায় কয়েকজন অবাঙালি সহৃদয় ব্যক্তির নামও পাওয়া যাচ্ছে। এটাও খুব তাৎপর্যপূর্ণ। রয়েছে ডা. মহেন্দ্রনাথ শইকিয়ার নাম। এসব দৃষ্টান্ত উদ্ধৃদ্ধ করে আমাদের।

সেদিন অনুষ্ঠানের জন্য সংগ্রহ হয়েছিল দুই হাজার দুশ একশটি টাকা এবং খরচ হয়েছিল এক হাজার আটশ সাতানব্বই টাকা তের আনা। উদ্ধৃত তিনশ তেত্রি টাকার মতো।

সবই হলো, কিন্তু এত বড় সম্মেলন সামাল দিতে চাই শক্তিশালী পূর্ণাঙ্গ সমিতি। তারপর ভাগে-ভাগে কাঁধে-কাঁধে মহান দায়িত্ব নেওয়ার পালা। ছোট-ছোট খণ্ডে কাজ-কর্ম ভাগাভাগি করা হলো। একটি সাধারণ কার্যকরী সমিতি এবং সঙ্গে পূর্ণাঙ্গ অভ্যর্থনা সমিতি। এই তালিকার যাঁরা আছেন, আমাদের পূর্বজ সেইসব উদ্যমী মানুষের প্রায় অধিকাংশই আমাদের মধ্যে নেই। পাঠকদের সুবিধার্থে এখানে তার সম্পূর্ণ তালিকাটি তুলে দেওয়া হলো।



অভ্যর্থনা সমিতির সদস্যবৃন্দ

### সাধারণ কার্যকরী সমিতি

সভাপতি: পরেশলাল সোম বি. এল. অ্যাডভোকেট জেনারেল, অসম। সহকারী সভাপতি: (১) রায়বাহাদুর যতীন্দ্রনাথ চক্রবর্তী, অসমের কৃষিবিভাগের প্রাক্তন ডিরেক্টর। (২) সতীশচন্দ্র রায়, অসমের শিক্ষা বিভাগের প্রাক্তন ডিরেক্টর। (৩) সৈয়দ মুর্তাজা আলি, আন্ডার সেক্রেটারি, শিক্ষা বিভাগ, অসম। যুগ্ম-সম্পাদক: (১) কুমুদরঞ্জন ভট্টাচার্য (২) অধ্যাপক সত্যেন্দ্রচন্দ্র মজুমদার। (৩) আমিনুল হক। কোষাধ্যক্ষ: প্রফুল্লকুমার চৌধুরী।

### সাধারণ সভ্য:

(২) সুশীলা সেন, (৩) সুবর্ণপ্রভা দাস, (৪) রায়সাহেব অনাথবন্ধু দত্ত (৫) রাজেন্দ্রনাথ দে আই এফ. এস., (৬) মহীউদ্দিন আহাম্মদ চৌধুরী (৭) রায় সাহেব যোগেশচন্দ্র দাশ, (৮) জালাল উদ্দিন আহাম্মদ, (৯) হরেন্দ্রকুমার দে চৌধুরী, (১০) জ্ঞানেন্দ্রকুমার দত্ত, (১১) কুমুদচন্দ্র দত্ত, (১২) অমিয়ভূষণ দাশগুপ্ত, (১৩) চারুচন্দ্র ঘোষ, (১৪) কে. বালচন্দ্রন, আই সি. এস. (১৫) অসিতচন্দ্র সেন, (১৬) এ.কে. দাস বার-এট ল, (১৭) অনিলচন্দ্র রায়, (১৮) কুলদাপ্রসাদ চৌধুরী, (১৯) হরিপদ মৌলিক, (২০) আব্দুল মালিক চৌধুরী, (২১) হেমেন্দ্রকুমার গুপ্ত, (২২) অমূল্যভূষণ চৌধুরী, (২৩) কিরণচন্দ্র পাল, (২৪) শ্রীশচন্দ্র গুপ্ত, (২৫) চারুচন্দ্র দত্ত (২৬) সৈয়দ আব্দুস সত্তার, (২৭) সারদাচরণ ধর সাহিত্য-ভারতী, (২৮) সুনির্মল দত্ত, (২৯) তারাপদ ভট্টাচার্য, (৩০) অখিলচন্দ্র ভট্টাচার্য, (৩১) সুধীন্দ্রভূষণ চৌধুরী, (৩২) বিভূভূষণ চৌধুরী, (৩৩) জ্যোতিরিন্দ্র চৌধুরী, (৩৪) শৈলেন্দ্রচন্দ্র দত্ত, (৩৫) হেমচন্দ্র দত্ত, (৩৬) সুকুমারচন্দ্র দত্ত, (৩৭) সতীশচন্দ্র চক্রবর্তী, (৩৮) রামেন্দ্র দেশমুখ্য, (৩৯) সুনীল চন্দ্র ভট্টাচার্য, (৪০) রাধেশ দাস, (৪১) ডা. মিস্ কল্যাণী দাস, (৪২) সুপর্ণা রায়, (৪৩) সনৎকুমার দত্ত, (৪৪) লীনা রায়, (৪৫) নবগোপাল দাস, (৪৬) বি. কে. রায়, (৪৭) নীহারানন গুহ, (৪৮) ডা. জ্যোতির্ময় বটব্যাল, (৪৯) বিজয় ভট্টাচার্য, (৫০) বিনোদ বিহারী ঘোষ, (৫১) সুধীর দেব, (৫২) অনাথবন্ধু দাস, (৫৩) রণজিৎ দাস, (৫৪) হিরণ্য ধর, (৫৫) হরিসাধন বন্দ্যোপাধ্যায়, (৫৬) বিমলকান্তি রায়, (৫৭) মনোজেন্দ্রনারায়ণ রায় চৌধুরী, (৫৮) হীরেন্দ্রনাথ দত্ত।

### কেন্দ্রীয় কার্যকরী সমিতি বা কর্মপরিষৎ

সভাপতি: পরেশলাল সোম বি. এল. অ্যাডভোকেট জেনারেল। সহকারী সভাপতি: রায়বাহাদুর যতীন্দ্রনাথ চক্রবর্তী

আই এ. এস.; সতীশচন্দ্র রায় আই ই এস. সৈয়দ মুর্তাজা আলি। যুগ্ম সম্পাদক: কুমুদরঞ্জন ভট্টাচার্য, অধ্যাপক সত্যেন্দ্রচন্দ্র মজুমদার, আমিনুল হক। কোষাধ্যক্ষ: প্রফুল্লকুমার চৌধুরী। সদস্য: সুশীল সেন, সুবর্ণপ্রভা দাস, হরেন্দ্রকুমার দে চৌধুরী, মহীউদ্দিন আহাম্মদ চৌধুরী, রায় সাহেব অনাথবন্ধু দত্ত, তারাপদ ভট্টাচার্য, অধ্যাপক কুলদাপ্রসাদ চৌধুরী, হীরেন্দ্রনাথ দত্ত, শ্রীশচন্দ্র গুপ্ত ও আব্দুস সত্তার।

প্রধানত এই কর্মপরিষদের উপর সম্মেলনের কর্মভার ও দায়িত্ব অর্পিত হয়।

### শাখা সমিতি সমূহ:

#### খাদ্য ও বাসব্যবস্থা বিধান সমিতি

সভাপতি: রায়বাহাদুর যতীন্দ্রনাথ চক্রবর্তী। যুগ্মসম্পাদক: তারাপদ ভট্টাচার্য ও অধ্যাপক কুলদাপ্রসাদ চৌধুরী। সভ্য: সুশীলা সেন, মহীউদ্দিন আহাম্মদ চৌধুরী, রায়সাহেব অনাথবন্ধু দত্ত, অধ্যাপক অনিলচন্দ্র রায়, জ্ঞানেন্দ্রকুমার দত্ত, অমিয়ভূষণ দাশগুপ্ত, বিভূতিভূষণ চৌধুরী, হেমেন্দ্রকুমার গুপ্ত, আবদুল মালিক চৌধুরী, আব্দুস সত্তার, শৈলেন্দ্রচন্দ্র দত্ত, সতীশচন্দ্র চক্রবর্তী, ডা. কল্যাণী দাস, ডা. বিমলকান্তি রায় ও ডা. জ্যোতির্ময় বটব্যাল।

#### সংগীত ও প্রদর্শনী বিভাগ:

সভানেত্রী: সুবর্ণপ্রভা দাস। সম্পাদক: হীরেন্দ্রনাথ দত্ত। সভ্য: সুপর্ণা রায়, মহীউদ্দিন আহাম্মদ চৌধুরী, বিজয় ভট্টাচার্য হিরণ্য ধর, জ্যোতিরিন্দ্র চৌধুরী, হরিসাধন বন্দ্যোপাধ্যায়, হেমচন্দ্র দত্ত ও সুধীর দেব।

#### প্রচার বিভাগ:

সভাপতি: হরেন্দ্রকুমার দে চৌধুরী। সম্পাদক: অধ্যাপক সত্যেন্দ্রচন্দ্র মজুমদার। সভ্য: রামেন্দ্র দেশমুখ্য, আমিনুল হক, রাধেশ দাস, বিভূভূষণ চৌধুরী, অখিলচন্দ্র ভট্টাচার্য, সুধীন্দ্রভূষণ চৌধুরী ও সারদাচরণ ধর সাহিত্যভারতী।

#### সভামণ্ডপ বিভাগ:

সভাপতি: মহীউদ্দিন আহাম্মদ চৌধুরী। সম্পাদক: শ্রীশচন্দ্র গুপ্ত। সভ্য: রায়সাহেব যোগেশচন্দ্র দাশ, অসিতচন্দ্র সেন, আবদুল মালিক চৌধুরী, প্রফুল্লকুমার চৌধুরী, হেমচন্দ্র দত্ত, নীহারানন গুহ, বি.কে.রায়, চারুচন্দ্র ঘোষ, জ্যোতিরিন্দ্র চৌধুরী ও সুনীলচন্দ্র ভট্টাচার্য।

#### যানবাহন বিভাগ:

সভাপতিঃ রায়সাহেব অনাথবন্ধু দত্ত । সম্পাদকঃ সৈয়দ আবদুল সত্তার । সভ্য হেমচন্দ্র দত্ত ও ননীগোপাল দাস । স্বেচ্ছাসেবক বাহিনীর অধিনায়িকা : ডা. কল্যাণী দাশ ও লীনা রায় ।

#### অভ্যর্থনা সমিতি

সভাপতি : পরেশলাল সোম । সম্পাদকঃ কুমুদরঞ্জন ভট্টাচার্য । সদস্য : সাধারণ কার্যকরী সমিতির সদস্যরা এবং তৎসঙ্গে অনঙ্গকুমার ভট্টাচার্য, সুধীররঞ্জন দাস, পঙ্কজকুমার দত্ত, প্রমোদচন্দ্র দত্ত, কপেশচন্দ্র ভট্টাচার্য, প্রফুল্লচন্দ্র সেন, ডা. নরেশচন্দ্র রায়, ডা. উপেন্দ্রচন্দ্র দত্ত, নৃপেন্দ্রচন্দ্র সোম, শিশিরকুমার চক্রবর্তী, প্রতিভা সোম, ননীবালা চক্রবর্তী অপারাজিতা চক্রবর্তী, রমেশচন্দ্র দাশগুপ্ত, মশাহেদ উদ্দিন চৌধুরী, এম.গাজি, ঈশানচন্দ্র চক্রবর্তী, সুধীন্দ্রকুমার দত্ত, প্রেমানন্দ দাশ, শান্তিভূষণ ঘোষ, রায়সাহেব কামিনীমোহন দে, বিনয়কৃষ্ণ দত্তরায়, হরেন্দ্রনাথ দত্ত, শিবেন্দ্রকুমার ভট্টাচার্য, জ্যোতির্ময় ঘোষ, শৈলশচন্দ্র মুস্তফি, দীনেশরঞ্জন চৌধুরী, অবিনাশচন্দ্র চৌধুরী, প্রমথনাথ গুপ্ত, রায়সাহেব দীনেশচন্দ্র দাশ সেনাপতি, প্রবোধচন্দ্র দেব, হীরেন্দ্রকুমার গুপ্ত, খান সাহেব মুদবিবর হুসেইন, সরোজেন্দ্র চৌধুরী, অনুকূলচন্দ্র দাশগুপ্ত, সুধীরকুমার বিশ্বাস, প্রকৃতিরঞ্জন দত্ত চৌধুরী, যামিনীকান্ত দত্তরায়, চারুবালা দত্তরায়, পুষ্প গুপ্ত, ব্রজেন্দ্রকুমার চৌধুরী, মোহিতরঞ্জন গুপ্ত, নীলিমা গুপ্ত, নর্মদাকুমার দাস, রমেশচন্দ্র নন্দী, বিনোদবিহারী গুপ্ত, ডা. পরেশচন্দ্র গুহ, বিজিত চৌধুরী, ডা. অপূর্বকৃষ্ণ দত্ত, আকলাকুর রহমান, শিশিরকুমার চৌধুরী, এইচ. এন. দত্ত, কুসুমরঞ্জন পুরকায়স্থ, প্রমোদচন্দ্র গুপ্ত, সতীশচন্দ্র ভট্টাচার্য(লাবান), শশীন্দ্রকুমার ভট্টাচার্য, পরেশচন্দ্র দাস, রামেন্দ্র ভট্টাচার্য, নরেশচন্দ্র দত্ত, বেণুবিনোদ চৌধুরী, মুরলী ধর, যতীন্দ্রকুমার ভট্টাচার্য, জিতেন্দ্রনারায়ণ রায়চৌধুরী, বিনোদবিহারী সেন, সতীশচন্দ্র ভট্টাচার্য (রিলবৎ), কর্ণেল গুপ্ত, প্রবীরকুমার সেন, সত্যেন্দ্রমোহন গুপ্ত নগেন্দ্রকুমার বিশ্বাস, অবনীমোহন বায়, নীহারানন গুহ, রায়বাহাদুর জানকীনাথ দাস, হীরেন্দ্রকুমার নন্দী, সুরেশচন্দ্র চ্যাটার্জি, সুধীরচন্দ্র দত্ত, উষারানি দত্ত, বিধুরঞ্জন ভট্টাচার্য, অকুলচন্দ্র লাহিড়ি, বঙ্কিমচন্দ্র খাঁ, পবিত্রশঙ্কর কর, সুবিমলচন্দ্র দত্ত, পরেশচন্দ্র দত্ত, কৌশিকীসদয় ভট্টাচার্য, নীহারকণা দত্ত, জিতেন্দ্রকুমার চক্রবর্তী, বিমলকুমার চন্দ্র, মদনমোহন সারাওগি, জীবেন্দ্রকুমার দাস, রাকেশরঞ্জন সোম, চারুচন্দ্র দত্ত রায়, বিশ্বমোহন লাহিড়ি, সত্যেন্দ্রমোহন লাহিড়ি, জ্যোতিরিন্দ্র চৌধুরী,

রায়সাহেব বিধুভূষণ চৌধুরী, মনোয়ার আলি, আর. বি. চৌধুরী, হীরেন্দ্রচন্দ্র চক্রবর্তী, খানবাহাদুর আব্দুল হাই, প্রফুল্লশঙ্কর গুহ, পরেশচন্দ্র ধর, শরচ্চন্দ্র ভট্টাচার্য, কিরণচন্দ্র পাল চৌধুরী, ললিতচন্দ্র দত্ত, কর্ণেল ডি. এন. ভাদুড়ি, ক্যাপ্টেন টি. জে. গুপ্ত, ক্যাপ্টেন জি. এন. মুখার্জি, ডা. এ. কে. রায়, হিমাংশু সেন, এ. লেইস, আবু সৈয়দ আহম্মদ, মণীন্দ্রনাথ লাহিড়ি, দেবেন্দ্রচন্দ্র পাল, ডা. মহেন্দ্রচন্দ্র দত্ত, সুর্ণণা রায়, লীলা রায়, কুসুম পুরকায়স্থ, জ্যোতিষচন্দ্র দাশ, রতীশচন্দ্র দত্ত, রাধারঞ্জন ধর, পি. পুরকায়স্থ, রায়সাহেব শ্যামপদ চৌধুরী, ডা. এস. চৌধুরী, আব্দুল মতিন চৌধুরী, ডিকেনাথ. এ. বি. সেন, জি. পি. দত্ত, পি. দেব, এবং বি. সেন ।

#### ॥ চর ॥

সম্মেলন উপলক্ষে নেমন্তন্ন পাঠানো হলো চতুর্দিকে । হইহই রইরই ব্যাপার । ঘরে-বাইরে উন্মাদনা । বৃহৎ বঙ্গের সর্বত্রই ছড়িয়ে গেল পাহাড়ের মিলনাবেন্দন । সম্মেলনের সাফল্য ও সর্বাঙ্গসুন্দর ভবিষ্যৎ কামনা করে আশীর্বাণী ও শুভেচ্ছাপত্র পাঠালেন ডা. নলিনীকান্ত ভট্টশালী, নীজাররঞ্জন রায়, বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়, প্রবাসী বঙ্গ সাহিত্য সম্মেলনের যুগ্ম সম্পাদক মহিমারঞ্জন ভট্টাচার্য, শ্রীহট্ট সাহিত্য পরিষদের সভাপতি রায় বাহাদুর প্রমোদচন্দ্র দত্ত সি. আই. ই, সহকারী সভাপতি কৃষ্ণবিহারী রায় চৌধুরী, ধুবড়ি সাহিত্য পরিষদের সভাপতি হেমেন্দ্রচন্দ্র দাশগুপ্ত এৎসঙ্গে ঈশানচন্দ্র রায় চৌধুরী, রায় বাহাদুর রমেশচন্দ্র ভট্টাচার্য, কলকাতার কনটোলোর অফ সাপ্লাই একাউন্টস ক্ষিতীশচন্দ্র চৌধুরী, কটন কলেজের বাংলার অধ্যাপক ব্রজেন্দ্রকুমার আচার্য; এছাড়া, রবীন্দ্রকুমার আদিত্য এম.এল.এ., বিনোদবিহারী চক্রবর্তী, ডিক্রগড়ের ডাক্তার রমণীমোহন রায়, জোড়হাটে কর্মরত অসমের সুসন্তান ইঞ্জিনিয়ার পুরাতত্ত্ববিদ রাজমোহন নাথ প্রমুখ ।



সম্মেলন : সুবিমল সেন, সনৎকুমার বন্দ্যোপাধ্যায়, সত্যেন্দ্রচন্দ্র মধুমল্ল, অরূপ ভট্টাচার্য, সুনির্মল দত্ত, চারুচন্দ্র দত্ত, সতীশচন্দ্র চক্রবর্তী উপস্থিত : প্রকুম সৌধুরী, রায়বাহাদুর মণীন্দ্রনাথ চক্রবর্তী, পরেশচন্দ্র সোম ( সভাপতি, অধ্যক্ষ ) অরূপকর বন্দ্যোপাধ্যায় ( সভাপতি, সাহিত্য শাখা ), মনোয়ার বঙ্গকুমার দাস কুমুদরঞ্জন ভট্টাচার্য, ( সম্পাদক ), ভট্টর হরেন্দ্রকুমার স চৌধুরী ।

সম্মেলনের মূল সভাপতি হিসাবে আমন্ত্রণ জানানো হলো বিশিষ্ট সাহিত্যিক এস. ওয়াজেদ আলিকে । ভাষা-সাহিত্য বিভাগের সভাপতি হিসাবে আমন্ত্রণ গেল তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের কাছে । এভাবে লোক-সাহিত্য শাখায় যতীন্দ্রমোহন ভট্টাচার্যকে সভাপতিত্ব করার অনুরোধ করা হলো । যতীন্দ্রমোহন মাত্র বছর দুয়েক হলো, কটন কলেজের বাংলা বিভাগের প্রধান রূপে সিলেটের মুরারিচাঁদ কলেজ থেকে যোগ দিয়েছেন । তিনি রাজি হলেন সানন্দে । ইতিহাস-শাখায় আমন্ত্রণ গেল ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. পৃথ্বীশচন্দ্র চক্রবর্তীর কাছে । শিশু সাহিত্য শাখায় সভাপতিত্ব করার সন্মতি এল কলকাতার আশুতোষ কলেজের অধ্যাপক শিশু-সাহিত্যিক বিজনবিহারী ভট্টাচার্যর কাছ থেকে ।

এত কিছু যখন ভাবা হচ্ছে, রবীন্দ্র -পদধূলিখন্য শিলং, অমিত-লাবণ্য-মুখর শিলং কি রবীন্দ্রনাথকে ছেড়ে এগিয়ে যেতে পারে ? কাজেই 'রবীন্দ্র-সাহিত্য-শাখা' নামে স্বতন্ত্র একটি শাখার আয়োজন করা হলো । এতে সভাপতিত্ব করার জন্য শ্রীহট্টের সুসন্তান, রবীন্দ্রস্নেহখন্য, শান্তিনিকেতনের প্রাক্তন অধ্যাপক প্রভাতচন্দ্র গুপ্তকে অনুরোধ জানানো হলো ।

শৈলশিখর শিলঙে সেদিন প্রকৃতাথেই তারকার সমাবেশ । জেল রোড বালিকা বিদ্যালয় প্রাঙ্গণে বিরাট প্যাণ্ডেল শুরু হলো । সর্বপ্রভা নিজে তো রয়েইছেন, তাঁর পরিবারের অন্যান্য সদস্যরাও কাজে ঝাঁপিয়ে পড়লেন । হৃদয়ে মহান আবেগের স্পর্শ একবার শুরু হলে তা হৃদয় থেকে হৃদয়ে সংক্রামিত হয় । তখন কাজের আনন্দে কত শত জন এসে দাঁড়ান পাশে । তা-ই হলো, চারুচন্দ্র ঘোষ ও বি. কে. রায় ও জনৈক ইঞ্জিনিয়ার মিস্টার ঘোষ মূল মণ্ডপ তৈরির দায়িত্বে অগ্রণী ভূমিকা পালন করলেন । এছাড়া তারাপদ ভট্টাচার্য, বিভূতিভূষণ চৌধুরী, শৈলেন্দ্র গুপ্ত, অসিতচন্দ্র সেন, অনাথবন্ধু দত্ত, রামেন্দ্র দেশমুখ্য, বিজয় ভট্টাচার্য, মহিমারঞ্জন চক্রবর্তী, প্রমুখ ব্যক্তিবর্গ দিনরাত একাকার করে সম্মেলনের কাজে পূর্ণউদ্যমে অংশ নিলেন ।

দেখতে-দেখতে দিন ঘনিয়ে এল । কলকাতা, ঢাকা প্রভৃতি বঙ্গদেশের বিভিন্ন ঠাই থেকে বহু সাহিত্যিক সমাগম হলো । অসমের বিভিন্ন জেলা থেকেও বহু প্রতিনিধি যোগ দিলেন । এর মধ্যে গুয়াহাটের প্রতিনিধির সংখ্যাই বেশি । প্রাপ্ত তথ্যানুসারে একটি প্রতিনিধি-তালিকা নীচে উদ্ধার করা হলো :

#### প্রতিনিধি তালিকা

গুয়াহাটি : সত্যভূষণ সেন, সুশীলকুমার মজুমদার, এম. এ., বি. এল., অধ্যাপক রবীন্দ্রনাথ দাস, কালীপ্রসন্ন ভট্টাচার্য বি.এল., ডা. সুধীন্দ্র দত্তগুপ্ত, এম. বি., মোহনলাল মুখোপাধ্যায়, শৈলেন্দ্র মুখোপাধ্যায়, শরৎচন্দ্র দত্ত, অমলেন্দু বন্দ্যোপাধ্যায়, শৈলেন্দ্রকুমার দে, বারীন্দ্র চক্রবর্তী, অমরেন্দ্র দত্ত, ইন্দ্রানী দত্তগুপ্তা, অপারাজিতা মুখোপাধ্যায়, সুলেখা মজুমদার, আশারানি দে, মিনি সেন, কল্যাণী সেন, সুবোধকুমার দেব, পরেশচন্দ্র ভট্টাচার্য, সত্যেন্দ্রমোহন লাহিড়ি, এম.এ., বি.এল. এম. এল. সি, অধ্যাপক যতীন্দ্রমোহন ভট্টাচার্য, বঙ্গমোহন লাহিড়ি, বি. এল., অধ্যাপক কুঞ্জলাল দত্ত এম. এ., অধ্যাপক দিগিন্দ্রচন্দ্র দত্ত এম. এ., কালীকৃষ্ণ বন্দ্যোপাধ্যায়, দেবপ্রসাদ নাগ, নীরেন্দ্রমোহন লাহিড়ি, সর্বজিৎ সিংহ । নগাঁও : গোপালচন্দ্র গুপ্ত, বিধুভূষণ, চিত্তরঞ্জন দাশ, পাঁচুগোপাল সেনগুপ্ত । হবিগঞ্জ : অখিলচন্দ্র ভট্টাচার্য ।

#### ॥ পাঁচ ॥

১৩ এপ্রিল ১৯৪৫ (৩০ চৈত্র ১৩৫১) বিকেল ৪টায় বিপুল জনসমাগমের মধ্যে শিলঙের জেলরোড বালিকা বিদ্যালয় প্রাঙ্গণে 'পত্রপুষ্প সুশোভিত' বিরাট মণ্ডপে 'নিখিল-আসাম বাংলা ভাষা ও সাহিত্য সম্মেলন'-এর প্রথম অধিবেশনের শুভ সূচনা হলো । শিলঙের সর্বশ্রেণির নাগরিক জাতি-সম্প্রদায় নির্বিশেষে এতে যোগ দিলেন । 'কার্য বিবরণীর' ভাষায় : 'এরূপ বিরাট জনতা, এরূপ উৎসাহ ও উদ্দীপনা শিলংএর জীবনে ইতঃপূর্বে দৃষ্ট হয় নাই' ।<sup>১</sup> প্রতিনিধি, সমিতি-সভ্য, নগরবাসী মিলে এক জমজমাট ভাবগভীর অনুষ্ঠান ।

দ্বিজেন্দ্রলালের 'জননী বঙ্গভাষা এ জীবনে চাই না অর্থ চাই না মান' সমবেত কর্ণে উদ্বোধনী সংগীত রূপে ধ্বনিত হলে পরে 'আসাম ব্যবস্থা পরিষদ'-এর স্পিকার বসন্তকুমার দাস সভার উদ্বোধন করলেন । সম্মেলনের সর্বাঙ্গীণ সাফল্য কামনা করে তাঁর উদ্বোধনী ভাষণে তিনি বললেন :

'আসাম প্রদেশের বিভিন্ন অঞ্চলের স্থায়ী বাঙালী অধিবাসী ও নানা কর্মোপলক্ষে বাংলাদেশ হইতে আগত অধিবাসী বাঙ্গালী সমাজ বিচ্ছিন্নভাবে বাংলাভাষা ও সাহিত্যের যে সেবা এতকাল করিয়া আসিতেছেন তাহাকেই সংহত করার প্রয়াসে এই সম্মেলনের প্রতিষ্ঠা এবং বাংলা ভাষা ও সাহিত্যের সংরক্ষণ ও পরিপুষ্টিই এই সম্মেলনের মুখ্য উদ্দেশ্য । মাতৃভাষা সংরক্ষণ

ও পরিপূষ্টি মানুষের এক স্বাভাবিক বৃত্তি। মূলতঃ এই বৃত্তির চরিতার্থতা সম্পাদনের জন্যই এই প্রতিষ্ঠানের উদ্ভব।”

তিনি আরও বললেন :

বাংলা সাহিত্যসেবার যে কর্মধারা এই অধিবেশনে গৃহীত হইবে, বিভিন্ন ভাষাভাষী কতিপয় জাতি সমাবিষ্ট এই প্রদেশ সর্বপ্রকার সমস্যা অতিক্রম করিয়া সেই কর্মধারাকে সাফল্যমণ্ডিত করিয়া তুলিবার জন্য সমবেত সাহিত্যকগণের মধ্যে দৃঢ় সংকল্প ও ঐকান্তিকতার অভাব হইবে না আমার এই দৃঢ় বিশ্বাস আছে।”

উদ্বোধনের পর ‘মাতৃমন্দির পুণ্য অঙ্গনে’ পরিবেশিত হলো। সমাগত সুধীমণ্ডলীকে অভ্যর্থনা জানানোর পর অভ্যর্থনা সমিতির সম্পাদক কুমুদরঞ্জন ভট্টাচার্য সম্পাদকীয় নিবন্ধ পাঠ করেন। অভ্যর্থনা সমিতির অন্য যুগ্ম সম্পাদক অধ্যাপক সত্যেন্দ্রচন্দ্র মজুমদার সম্মেলন উপলক্ষে প্রাপ্ত শুভেচ্ছাজ্ঞাপক বাণী ও পত্র পাঠ করে শোনান। এবারে, অভ্যর্থনা সমিতির সভাপতি অসমের অ্যাডভোকেট জেনারেল পরেশলাল সোম সবাইকে স্বাগত জানিয়ে বৃহত্তর অসমের ভাষা-সাহিত্য সংস্কৃতির বৈচিত্র্য ও রত্নগর্ভা চরিত্র উল্লেখ করে বলেন :

‘বহুযুগের ও বহু মনের ক্রম-প্রয়াস ও সাধনার ফলে এই ব্যাপক বিচিত্র ও বিপুল সংস্কৃতি গড়িয়া উঠিয়াছে। আসাম প্রায় এক কোটির উপর নরনারীর মাতৃভূমি। ইহার মধ্যে বাঙালির সংখ্যা পঞ্চাশ লক্ষেরও অধিক— বাঙালি ব্যতীত অসমিয়া ও অন্যান্য জাতি ও উপজাতি এই প্রদেশে বাস করে। সমগ্র ভারতবর্ষে যে চারটি ভাষাগোষ্ঠী প্রচলিত আছে ইহাদের মধ্যে তিনটিরই অন্তর্ভুক্ত বিভিন্ন ভাষা ও উপভাষা এই ক্ষুদ্র প্রদেশে চলিত আছে। আর্য-ভাষা-গোষ্ঠীর ভাষা বাংলা ও অসমিয়া, অস্ট্রিকভাষাগোষ্ঠীর ভাষা খাসিয়া এবং তিব্বতী-চীনা ভাষাগোষ্ঠীর ভাষা গারো নাগা লুসাই মণিপুরী প্রভৃতি আসামারে বিভিন্ন অংশে বলা হইয়া থাকে। আসামকে মানবজাতি ও ভাষার বিচিত্র মিউজিয়াম বলা যাইতে পারে।” শিলং শহর, খাসিয়া-জীবনের চালচিত্র ইত্যাদি উল্লেখ করে তিনি বলেন :

‘এই প্রদেশে সে সকল বাঙালি বাস করেন তাঁহারা প্রায় সকলেই এই দেশকে নিজেদের মাতৃভূমি ও কর্মভূমি বলিয়া স্বীকার করেন। আসাম-উপত্যকায় বাঙালিরা বিচ্ছিন্ন ও বিক্ষিপ্ত হইয়া রহিয়াছেন ; কিন্তু সুরমা-উপত্যকায় বাঙালিরা পরস্পর

সামিধ্যে ঘনসন্নিবিষ্ট ও ঐক্যবদ্ধ। সমগ্র প্রদেশের বাঙালিদের মাতৃভাষা ও সাহিত্যের সংরক্ষণ ও পরিপূষ্টির দ্বারা তাহাদের মধ্যে সাহিত্যিক ও সাংস্কৃতিক মিলন ও ঐক্য সাধন করা আমাদের একটি প্রধান দায়িত্ব।”

ভাষণ প্রসঙ্গে তিনি জানান ;

‘এই প্রদেশের বাঙালিদের বাংলা সাহিত্য দাঁ সামান্য নহে। সাহিত্যের বিভিন্ন ক্ষেত্র ইহারা আপন প্রতিভাবলে খ্যাতি ও প্রতিষ্ঠা লাভ করিয়াছেন। বিপিনচন্দ্র পাল, পদ্মনাথ বিদ্যাবিনোদ, অচ্যুতচরণ তত্ত্বনিধি, সুন্দরীমোহন দাস, কালীচরণ সেন প্রভৃতি সাহিত্যসেবীর নাম বিখ্যাত— গৌহাটি, ধুবরী, নওগাঁ, তেজপুর, যোড়হাট প্রভৃতি স্থানেও বহু বাঙালি সাহিত্যসেবী আছেন যাঁহারা নীরবে নানা বিঘ্নে মধ্যো মাতৃভাষা বাংলা ও বাংলা সাহিত্যের আলোচনা করিয়া থাকেন— আসামের বিভিন্ন স্থানে বাঙালিদের বহু সাহিত্য ও কৃষ্টিসভা আছে। শ্রীহট্টের সাহিত্য পরিষদ বাংলাভাষা ও সাহিত্যের পরিপূষ্টি সাধনে আত্মনিয়োগ করিয়াছেন। গৌহাটী ধুবড়ী নওগাঁ তেজপুর যোড়হাট প্রভৃতি স্থানে বাঙালিদের সাহিত্য ও কৃষ্টিসভা বাংলাভাষা ও সাহিত্যসংসদ প্রভৃতি বিভিন্ন প্রতিষ্ঠান বাংলা ভাষা ও সাহিত্য আলোচনার কেন্দ্র। সমগ্র প্রদেশব্যাপী এইসব বিভিন্ন সাহিত্যিক ও সাংস্কৃতিক প্রচেষ্টাকে সম্ভব ও ঐক্যবদ্ধ করা প্রয়োজন। নিখিল আসাম বাংলাভাষা ও সাহিত্য সম্মেলনের একটি দায়িত্ব সমগ্র প্রদেশের বাঙালিদের বিচ্ছিন্ন সাহিত্য সাধনার মধ্যে ঐক্য বিধান করা।” সভাপতি তাঁর বক্তব্যে মাতৃভাষা চর্চার বিষয়টিকে গুরুত্ব দিয়ে বলেন :

‘আমাদের দেখিতে হইবে যে প্রদেশের বিভিন্ন স্থানে বাংলা ভাষা ও সাহিত্য যেন ইহাদের ন্যায্য অধিকার লাভে বঞ্চিত না হয়, দেখিতে হইবে যে বাঙালির সন্তানেরা প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়গুলিতে ও অন্যান্য শিক্ষাকেন্দ্রে তাহাদের মাতৃভাষা বাংলায় শিক্ষালাভের উপযুক্ত ও পর্যাপ্ত সুযোগ ও সুবিধা লাভ করে। সংকীর্ণ সাম্প্রদায়িকতা ও প্রাদেশিকতা ন্যায় ও কল্যাণের পরিপন্থী। বাঙালী বাংলা ভাষায় শিক্ষালাভ করিবে এই অতি প্রত্যক্ষ ও স্বাভাবিক অধিকার সর্বত্র স্বীকৃত হইবে ইহাই আমাদের আন্তরিক সঙ্গত প্রত্যাশা; দুর্ভাগ্যবশত ইহা যদি কোনো স্থানে না হয়, যদি কোথাও বাংলা ভাষা ও সাহিত্যকে তাহাদের ন্যায্য অধিকার হইতে বঞ্চিত করিবার ভেদবুদ্ধি তীব্র হইয়া উঠে, তবে আমাদের কঠিন কর্তব্য হইবে সর্বতোভাবে ইহার প্রতিবিধান

করা। কিন্তু সর্বান্তঃকরণে কামনা করি যে সে রূঢ় ও অপ্রিয় দায়িত্বপালনের মর্মান্তিক সুযোগলাভের দুর্ভাগ্য যেন আমাদের না ঘটে।”

১৯৪৫-এ শিলঙে দাঁড়িয়ে যে সভাপতি বক্তৃকর্মে এ-আবেদন জানিয়েছিলেন, তার ষাট বছরের মাথায় শিলঙের বাঙালিরা আবার মাতৃভাষা বিলুপ্তির আশঙ্কায় সংকল্পবদ্ধ হওয়ার অঙ্গীকার করেন ২০০৫-এর ৪,৫,৬ নভেম্বর শিলঙের বঙ্গীয় সাহিত্য পরিষদ কর্তৃক আয়োজিত উত্তর-পূর্বঞ্চলীয় বাংলা লিটল ম্যাগাজিন সন্মেলন-এর প্রথম অধিবেশনে। কেননা একবিংশ শতকে দাঁড়িয়ে পেছন ফিরে দেখা যাচ্ছে শিলঙের নিচুস্তরের প্রায় সমস্ত বাংলা মাধ্যমের স্কুলই আজ তার মাধ্যম পরিবর্তন করে ইংরেজি মাধ্যমে রূপান্তরিত হয়ে গেছে। কলেজগুলোতে তাই বাংলা পঠন-পাঠন করবে কে? সুবর্ণপ্রভা দাসের যে-জেল রোড বালিকা বিদ্যালয়ের অঙ্গনে দাঁড়িয়ে সভাপতি ১৯৪৫-এ মায়ের ভাষা রক্ষার কথা উচ্চারণ করেছিলেন, সেই স্কুলও তার গৌরব থেকে আজ বঞ্চিত।

সভাপতি তাঁর ভাষণের উপান্তে অসমের বাঙালি ও অসমিয়াদের জন্য স্বতন্ত্র দুটি বিশ্ববিদ্যালয় স্থাপনের প্রয়োজনীয়তার কথা উল্লেখ করেন। অসমিয়া ও বাংলা ‘ভাষা সাহিত্য সংস্কৃতির সংরক্ষণ ও পরিপূষ্টির জন্য এই ব্যবস্থা জরুরি বলে তাঁর অভিমত। অবশ্য তাঁর মতে :

‘বৈজ্ঞানিক ও ব্যবহারিক শিক্ষালাভের জন্য তো পৃথক বিশ্ববিদ্যালয়ের প্রয়োজন নাই, কারণ এখানে বাঙালী অসমিয়া ও অন্যান্য জাতির শিক্ষণীয় বিষয় এক এবং লক্ষ্যও অভিন্ন।’

১৯৪৫-এর এই মত বাস্তবে দেখা দেয় ১৯৪৮-এ গুয়াহাটী বিশ্ববিদ্যালয় স্থাপনের মধ্য দিয়ে। আর বাঙালিদের জন্য স্বতন্ত্র বিশ্ববিদ্যালয়ের প্রশ্নই উঠেনি, কেননা ১৯৪৭-এর দেশভাগের দ্বারা বৃহত্তর অসমের বাংলাভাষাভাষী একটি অংশই তো পূর্ব পাকিস্তানে চলে যায়।

যা হোক, অভ্যর্থনা সমিতির সভাপতির দীর্ঘ স্বাগত ভাষণের পর সম্মেলনের নির্বাচিত সভাপতি এস. ওয়াজেদ আলি সভাপতির আসন গ্রহণ করেন। বস্তুত, এস. ওয়াজেদ আলি, ‘শিলঙেরই সন্তান’। তাঁর পিতামহ শেখ জমাতুল্লাহ সাহেব শিলঙের বর্ধিকু ব্যবসায়ী ছিলেন। তিনি আসামের শিলং শহরে গুরু করলেন নব-উদ্যমে ব্যবসা, রাস্তা নির্মাণ কন্সট্রাক্টারি দিয়ে যাঁর গুরু, ব্যাঙ্ক ব্যবসায় তাঁর সিদ্ধি।” ওয়াজেদ আলির

জন্ম অবশ্য বঙ্গদেশের হুগলি জেলায় বড়তাজপুর গ্রামে। পিতামহ ভাগ্যলেশে শিলং এসেছিলেন। ওয়াজেদ আলি পিতা বেলায়েত আলির সঙ্গে শৈশবেই শিলং চলে আসেন। ‘১৮৯৮ খ্রীষ্টাব্দে শিলং-এর মোখায় হাইস্কুলে ভর্তি হন ওয়াজেদ আলি।—এই স্কুল থেকে এস.ওয়াজেদ স্বর্ণপদক পেয়ে এন্ট্রান্স পরীক্ষার প্রথম বিভাগে প্রথম হয়ে উত্তীর্ণ হন(১৯০৬ খ্রীষ্টাব্দে)। আসামে দীর্ঘ ৮ বছর অতিবাহিত করেন এস. ওয়াজেদ আলি।” এইসব বৃত্তান্ত স্মরণ করার কারণ, আসন গ্রহণ করেই তাঁর ভাষণে এস. ওয়াজেদ আলি তাঁর স্কুলজীবনকে তুলে আনেন গুরুত্বের সাথে:

‘আমার জন্ম বাংলা দেশে, কিন্তু আসাম প্রদেশকে আমার স্নেহময়ী দাত্রী বললে কিছুমাত্র অতিশয়োক্তি হবে না। আমি বাল্যকালেই আসাম দেশে এসেছিলুম, আর এই শিলং শহরই আমার বাল্য এবং কৈশোর জীবন অতিবাহিত হয়েছে। মনস্তত্ত্ববিদেরা বলেন, মনুষ্যজীবনের এই দু’টি কালই হচ্ছে শ্রেষ্ঠ অংশ। আমি জীবনের এই শ্রেষ্ঠ অংশ এই আসাম দেশেই অতিবাহিত করেছি। ব্যক্তিগতভাবে আমি বলতে পারি, আমার জীবনের সমস্ত প্রেরণার, সমস্ত আদর্শের অঙ্কুর এই আসাম দেশেই হয়েছে। তা ছাড়া, আসাম দেশের সঙ্গে আমার পারিবারিক সম্বন্ধও একান্ত ঘনিষ্ঠ এবং যুগ-যুগান্তব্যাপী। বঙ্গভাষার প্রতি আমার সুগভীর অনুরাগ এই আসাম দেশেই প্রথম উৎপন্ন হয়েছিল। এরূপ অবস্থায় আপনাদের স্নেহের আঙ্কন যে আমার মনকে গভীরভাবে আলোড়িত করেছে তা সহজেই অনুমেয়। আমি আমার মাতৃভূমি বাংলা এবং আমার ধাত্রীভূমি আসামকে এক অখণ্ড দেশ হিসাবেই আজীবন দেখে এসেছি।” তাঁর দীর্ঘ ভাষণের এক স্থানে তিনি বলেন :

‘অদূর ভবিষ্যতে খুব সম্ভবতঃ আসামের নিজস্ব বিশ্ববিদ্যালয় হবে। সে বিশ্ববিদ্যালয়ে যাতে বাংলা শিক্ষার যথেষ্ট সুব্যবস্থা হয়, তার প্রতি আপনারা দৃষ্টি রাখবেন। এ দাবী বাংলা ভাষার স্বাভাবিক অধিকার।— বাঙালি যদি মাতৃভাষার প্রতি তাদের কর্তব্যের কথা এবং ভারতের পূর্বাংশে তাদের কৃষ্টিগত দায়িত্বের কথা মনে রাখেন এবং এই দুই আদর্শের দ্বারা অনুপ্রাণিত হয়ে ধারাবাহিকভাবে কাজ করে যান, তাহলে অদূর ভবিষ্যতে বঙ্গদেশ এবং আসামে এক সন্মিলিত জাতির উদ্ভব হবে বলে আমি মনে প্রাণে বিশ্বাস করি।”

সবশেষে, ‘ভাবী পৃথিবীকে সত্যশুভ সুন্দর করে গড়ে

তুলবার দায়িত্ব আমাদের সাহিত্যিকদেরই' জানিয়ে তিনি এক প্রার্থনায় সকলকে মিলিত হতে আহ্বান জানান- 'যেতে রূপং কল্যাণতমম তত্তে পশ্যামি'; হে দুনিয়ার মালিক, তোমার কল্যাণরূপ যেন আমরা দেখি আর তাই জীবনে প্রচার করি।

মূল সভাপতির ভাষণ সমাপ্ত হওয়ার পরে 'বাংলার মাটি, বাংলার জল' সমবেত কন্ঠে পরিবেশিত হয়। এরপর সন্ধ্যা সাতটায় 'সারদা সুন্দরী স্মৃতিভবন'-এ অভ্যর্থনা সমিতির সভ্যবৃন্দ ও প্রতিনিধিদের নিয়ে 'বিষয় নির্বাচনী সভা অনুষ্ঠিত হয়। এদিকে মূল সভামণ্ডপে অভ্যর্থনা সমিতির প্রচার বিভাগ 'ছায়াচিত্র' প্রদর্শন করে মনোরঞ্জনার্থে।

চড়কপূজা ও চৈত্র সংক্রান্তির সন্ধ্যায় এভাবেই নেমে আসে উৎসবের প্রথম পর্বের সমাপ্তি।

॥ ছয় ॥

পরদিন পয়লা বৈশাখ। ১৩৫২ বঙ্গাব্দ শুরু। বাঙালির বারোমাসে তেরো পার্বণের একটি নববর্ষ-হালখাতা। শিলঙে সব মিলিয়ে এক উৎসবের মেজাজ।

এদিনের মূল কার্যসূচির মধ্যে ছিল সাহিত্য ও শিল্পপ্রদর্শনীর উদ্বোধন। সকাল ৮ টায় 'আসাম ব্যবস্থাপক সভা'র সভ্য সত্যেন্দ্রমোহন লাহিড়ী প্রদর্শনীর দ্বার উদ্বোধন করেন। সত্যেন্দ্রমোহন অসমের বিশিষ্ট আইনজীবী নীরব ও সমাজকর্মী মহেন্দ্রমোহন লাহিড়ীর পুত্র এবং মেঘালয়ের সদ্য-প্রয়াত অ্যাডভোকেট জেনারেল ও এতদঞ্চলের সাহিত্য-সংস্কৃতিসেবী নীরেন্দ্রমোহন লাহিড়ীর পিতা। প্রতিনিধি তালিকানুসারে দেখা যায় যুবক নীরেন্দ্রমোহন সহ লাহিড়ী-পরিবারের অনেকেই এই উৎসবে সামিল হয়েছিলেন। যা হোক, প্রদর্শনী-উদ্বোধক সত্যেন্দ্রমোহন 'একটি সারগর্ভবক্তৃতা' প্রদান করেন এ-উপলক্ষে। তবে বক্তৃতাটির মুদ্রিত রূপ উদ্ধার করা যায়নি।



ইতিহাস-শাখার সভাপতি ড. পৃথ্বীশ চক্রবর্তী

প্রদর্শনীতে স্থানীয় সমস্ত স্কুল ও মহিলা আত্মরক্ষা সমিতির পক্ষ থেকে নানা হস্তনির্মিত জিনিস প্রদর্শিত হয়। 'শ্রীহট্ট সাহিত্য পরিষদ' বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ প্রাচীন গ্রন্থ প্রদর্শনীতে প্রেরণ করায় এর মাত্রা অনেকখানি বেড়ে যায়। এই প্রাচীন গ্রন্থগুলো হলো: '১। প্রায় ৩৫০ বৎসর পূর্বে ১৪৯৯ শকাব্দে অনুলিখিত 'মাংসাদি শোধন' নামত তন্ত্র শাস্ত্রের গ্রন্থ। ২। প্রায় ৩০০ বৎসর পূর্বে অনুলিখিত শ্রীদত্ত বিরচিত 'আচারাদর্শ' প্রভৃতি কয়েকখানি গ্রন্থ। ৩। কামরপীয়া বৈদিক জয়কৃষ্ণ ভট্টাচার্য বিরচিত 'জাতক সংগ্রহ' নামক জ্যোতিষ শাস্ত্রের গ্রন্থ। ৪। ১৫৭৪ শকাব্দে বেণীধর শর্মা বিরচিত 'রসিকরঞ্জিনী' টীকা সহ ভানুদত্ত মিশ্র বিরচিত 'রস তরঙ্গিনী' নামক বৈষ্ণব শাস্ত্র গ্রন্থ। ৫। রেঙ্গা নিবাসী রাম রাম শর্মা কর্তৃক ১৭১৫ শকাব্দে অনুলিখিত 'বিদ্বন্মোদ তরঙ্গিনী'। ৬। সম্রাট বিক্রমাদিত্যের নবরত্নের অন্যতম রত্ন বররচি বিরচিত পত্র লিখার নিয়ম বিষয়ক গ্রন্থ 'পত্র কৌমুদী'। ৭। প্রাচীন স্মৃতিকার মহামহোপাধ্যায় বাচস্পতি মিশ্র বিরচিত 'অশৌচ মঞ্জরী'। ৮। রঘুনাথ শিরোমণি কৃত 'ব্যবস্থার্নব' নামক স্মৃতিগ্রন্থ। ৯। নারায়ণ দাস বিরচিত 'অন্যোপদেশ লতিকা'। ১০। যোগ শাস্ত্রের 'জ্ঞান সঙ্গতি' প্রভৃতি কয়েকখানি হস্ত লিখিত সুপ্রাচীন গ্রন্থ।'"

শুধু গ্রন্থই নয়, 'শ্রীহট্ট সাহিত্য পরিষদ' 'এতদ্দেশীয় কামানের প্রস্তর নির্মিত গোলা, হাতীর দাঁতের ছবি ও চিক্ণ শীতল পাটার আদর্শ প্রভৃতি' ও প্রদর্শনীতে পাঠিয়েছিলেন। তাছাড়া ১২৬৯ বঙ্গাব্দে চেরাপুঞ্জিতে মুনশি কৃষ্ণচরণ ধর কর্তৃক রচিত 'শ্রীরাম সীতা বিবাহ' নামক গীতিনাট্য স্থান পেয়েছিল। এটি পাঠিয়েছিলেন সারদাচরণ ধর সাহিত্যভারতী।



অভ্যর্থনা সমিতির সভাপতি পণ্ডিতলাল সোম

দ্বিতীয় দিনের দ্বিতীয় কার্যসূচি শুরু হয় ইতিহাস-শাখার আলোচনা চক্রের দ্বারা। সভাপতি: ঢাকা বিশ্ববিদ্যালয়ের

ড.পৃথ্বীশচন্দ্র চক্রবর্তী। চারটি প্রবন্ধ পড়া হয় এতে। দীনবন্ধু বেদশাস্ত্রী পড়েন 'ভারতের কোল ড্রাবিড় ও আর্যজাতির মূলতত্ত্ব'। সৈয়দ মুর্তাজা আলি পড়েন 'শ্রীহট্টের মুসলমান'। মুর্তাজা এ-সময় আসাম সিভিল সার্ভিস করে শিলঙে শিক্ষা বিভাগের আন্ডার সেক্রেটারি। ১৯৩০ থেকে ৩৬-এ তিনি সিলেট শহরে ছিলেন। তখন থেকে সিলেট সংক্রান্ত নথিপত্র সংগ্রহ শুরু করেন। শিলঙে পঠিত প্রবন্ধটি সম্ভবত এই কাজেরই একটা অংশ। ১৯৬৫-তে প্রকাশিত হয় তাঁর অমর গ্রন্থ 'হজরত শাহজালাল ও সিলেটের ইতিহাস'।" তৃতীয় প্রবন্ধটির নাম 'বৃহত্তর বঙ্গ ও আসামের সংস্কৃতি'। প্রাবন্ধিক: শৈলেন্দ্রচন্দ্র দত্ত। এবং সর্ব শেষটি সারদাচরণ ধর সাহিত্যভারতীর 'একটি প্রাচীন তন্ত্র'। শিলঙের বিশিষ্ট সাহিত্য-সেবক বিভূভূষণ চৌধুরী 'ভারতবর্ষ নামক একটি স্বরচিত কবিতা পাঠ করেন এ-অনুষ্ঠানে। বেলা বারোটা নাগাদ সভার কাজ শেষ হয়।

ওইদিন বিকেল ৪টা থেকে শুরু হয় ভাষা-সাহিত্য শাখার সভা। সভাপতি স্বয়ং তারাক্ষর বন্দ্যোপাধ্যায়। এদিন অংশগ্রহণকারী অনেক। গুয়াহাটীর বঙ্গীয় সাহিত্য পরিষদের সভাপতি সত্যভূষণ সেন 'আসামে বাঙালির সাহিত্য সম্মেলন' শীর্ষক একটি গুরুত্বপূর্ণ পবন্ধ পাঠ করেন। এরপর ক্রমে শাশাঙ্ক ঘোষ 'সাহিত্যের ধারা' হরেন্দ্র কুমার দে চৌধুরী 'রবীন্দ্র সাহিত্যে দার্শনিক ভাবধারা', সত্যেন্দ্রচন্দ্র মজুমদার 'সাহিত্য', কালীপ্রসন্ন ভট্টাচার্য 'বীমাব্যাধি' নামক প্রবন্ধ সভায় পাঠ করে শোনান। কালীপ্রসন্ন গুয়াহাটীর স্বনামধন্য আইনজীবী। পরবর্তীকালে 'বঙ্গীয়-সাহিত্য-পরিষদ' গুয়াহাটি শাখার সম্পাদক ও সভাপতি ছিলেন। প্রসঙ্গত জানাই, কালীপ্রসন্ন অসমের বিশিষ্ট নাট্যপরিচালক-সংগঠক-নির্দেশক-অভিনেতা কুলদাকুমার ভট্টাচার্যের পিতা। সভায় রতিরঞ্জন তর্কতীর্থ 'সাহিত্য ও রবীন্দ্রনাথ' সম্বন্ধে ছোট্ট একটি বক্তৃতাও করেন এবং রামেন্দ্র দেশমুখ্য একটি স্বরচিত কবিতাও পড়ে শোনান। সময়ের অভাবে এই সভায় অন্তত পাঁচটি গুরুত্বপূর্ণ নিবন্ধ পড়া হয়নি, তবে গৃহীত হয়েছিল। এগুলি হলো: সুরেশচন্দ্র চক্রবর্তীর 'শকুন্তলা -সৌন্দর্য' কুমুদরঞ্জন ভট্টাচার্য 'বন্ধিমচন্দ্র', উমাপদ ভট্টাচার্য পঞ্চতীর্থর ভারতীয় দর্শন ও অদ্বৈতবাদ', গোপালচন্দ্র গুপ্তর 'বর্তমান বাংলাসাহিত্যের গতি ও প্রকৃতি' এবং নির্মলচন্দ্র নাগের 'বাংলা সাহিত্য রহস্য'।

সভাপতি তারাক্ষর পঠিত নিবন্ধগুলো সমপর্কে মতামত ব্যক্ত করেন। তাঁর নিজের ভাষণে তারাক্ষর বলেন:

'অসমিয়া ভাষা গৌরবলাভ করুক- খাসিয়া জয়ন্তীয়া লুসাই মণিপুরী জাতির নিজ নিজ ভাষার উন্নতি হোক, সকলের মধ্যস্থলে বিশ্বের বিস্ময়কর গৌরবে গৌরবান্বিত বাংলাভাষা আপন গৌরবে প্রবাহিত হতে থাক; এই প্রদেশের সকল ভাষা ও সংস্কৃতি ক্রমোন্নতি ও ক্রমবিস্তার লাভ করে মিলিত হোক। তবে একটা কথা— আসাম প্রদেশের বাঙালি লেখকের লেখার মধ্যে যেন অসমীয়া জীবন, খাসিয়া জীবন, মণিপুরী জীবন, জয়ন্তীয়া লুসাই জীবন অবহেলিত না হয়। যে দেশের মাটির অধিবাসী বাংলা ভাষাভাষী হিন্দু-মুসলমান জীবন ও সংস্কৃতি যেমন প্রতিফলিত হবে, তেমনি সমাদর ও সহানুভূতির সঙ্গেই যেন অসমীয়া আহোম মণিপুরী খাসীয়া জয়ন্তীয়া লুসাই জীবনের সুখ-দুঃখ, আশা-আকাঙ্ক্ষা প্রতিফলিত হয়। তাতে বাংলা সাহিত্য সমৃদ্ধ হবে জীবন বৈচিত্র্যে। অন্যদিকে বাঙালি জীবনও প্রতিফলিত হোক এই নানা-ভাষাশ্রয়ী প্রদেশের অন্য ভাষা ও সাহিত্যে।'"

তারাক্ষরের এই সুদীর্ঘ তাৎপর্যপূর্ণ ভাষণটি এযাবৎ তাঁর রচনাবলিতে সংকলিত হয়নি। একটি সমবেত সংগীতের মধ্য দিয়ে সভার সমাপ্তি ঘটে।

দ্বিতীয় দিনের শেষ কার্যসূচি ছিল সন্ধ্যা ৭টায় মূল মণ্ডপে সংগীত-নৃত্য-আবৃত্তি-ঐকতানবাদন সহযোগে এক জমকালো বিচিত্রানুষ্ঠান।

॥ সাত ॥

দুসরা বৈশাখ ১৩৫২ (১৫এপ্রিল ১৯৪৫) অর্থাৎ সম্মেলনের তৃতীয় তথা অন্তিম দিনও রকমারি আকর্ষণীয় অনুষ্ঠান ছিল। সকাল ৮টায় গুয়াহাটীর কটন কলেজের বাংলা বিভাগের অধ্যাপক যতীন্দ্রমোহন ভট্টাচার্যর সভাপতিত্বে লোকসাহিত্য শাখার সভা আরম্ভ হয়। সবার শুরুতে 'আমার সোনার বাংলা, আমি তোমায় ভালোবাসি' পরিবেশিত হয়। সভাপতি যতীন্দ্রমোহন তাঁর দীর্ঘ ভাষণে বহু তথ্য সমাবেশ ঘটিয়ে 'বাংলার বিশেষতঃ শ্রীহট্ট অঞ্চলের বহু অখ্যাত কবির সরস ও ভাবপূর্ণ বহু পল্লীগীতি কিভাবে বাংলা সাহিত্যের পরিপুষ্টি সাধন করিয়াছে, তাহা দেখাইয়া জনমণ্ডলীকে বিমোহিত করেন।" ভাষণ-শেষে যতীন্দ্রমোহন বলেন বহু ঐতিহাসিক উপকরণ অকালে হারিয়ে যাচ্ছে সংরক্ষণের অভাবে:

“বাস্তুরক্ষা ক্ষুদ্র মহৎ শিক্ষাপ্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয় সমূহ এবং বাঙ্গালা ও আসামের বর্তমান ও ভবিষ্যৎ জনপ্রিয় মন্ত্রীমণ্ডলী যদি এই বিষয়ে অবহিত হন তাহা হইলে এখনও হয়ত অনেক জিনিষ রক্ষা করা যাইতে পারে। ইউরোপে লোকসাহিত্য সংগ্রহ তথা আলোচনার জন্য একাধিক প্রাচীন রহিয়াছে। London এর ‘Folklore Society’, ‘Helsingfors-এর ‘Finnis Society of Folklore’ প্রভৃতির অনুরূপ বাঙ্গালা ও আসামে কোনো স্থায়ী সমিতি গঠন করা কি একেবারে অসম্ভব?”<sup>২২</sup> শিলঙের বঙ্গীয় সাহিত্য পরিষদকেই তিনি এ-বিষয় অগ্রণী ভূমিকা গ্রহণের আহ্বান জানান। ২০০৫-এ যতীন্দ্রমোহনের জন্মশতবর্ষ উদ্‌যাপিত হয়েছে, কলকাতায়-গুয়াহাটীতে। তাঁর অপূর্ণ স্বপ্নের সার্থক রূপায়ণের মধ্য দিয়ে শতবর্ষ-উত্তর স্মরণ সার্থকতা পেতে পারে।

এদিনের সভায় সময়াভাবে দু-দুটি উল্লেখযোগ্য প্রবন্ধ পাঠ করা হয়নি যদিও গৃহীত হয়েছে। এগুলি হলো: প্রভাতচন্দ্র চক্রবর্তীর ‘পল্লী সাহিত্য’, এবং সৈয়দ মুর্তাজা আলির ‘শ্রীহট্টের নামতত্ত্ব’।

এরপর লখনৌ ভাতখণ্ডে বিশ্ববিদ্যালয়ের কৃতি ছাত্র নারায়ণ রায়চৌধুরী যন্ত্র-সহযোগে ‘ভারতীয় সংগীত’ বিষয়ে একটি চমৎকার বক্তৃতা প্রদান করেন।

২ বৈশাখ সকালেই শিশু-সাহিত্য শাখারও বিশেষ অধিবেশন বসে। এ-সভার মূল আর্কষণ সুসাহিত্যিক-অধ্যাপক বিজ্ঞানবিহারী ভট্টাচার্য। ‘কাব্যবিবরণী’র ভাষায় ‘তাঁহার অভিভাষণে শিশুমনের বিশ্লেষণ, শিশুর প্রতি অভিভাবক ও সমাজের কর্তব্য, আদর্শ শিশুসাহিত্য, জাতীয় চরিত্র গঠনে শিশুসাহিত্যের স্থান প্রভৃতি আলোচনা বিশেষ উপভোগ্য হইয়াছিল।’<sup>২৩</sup>



উল্লেখক বসন্তকুমার দাস

শিশু-সাহিত্য সম্পর্কীয় এই বিশেষ সভায় শিশুরা অংশ নিয়েছিল। খুকু, ডলি, সবিতা, নীলা প্রভৃতি কচিকাঁচার আবৃত্তি করে শোনা। বড়দেব মध्ये বীরেন্দ্রচন্দ্র ভট্টাচার্য স্বরচিত একটি কবিতা আবৃত্তি করেন।

এদিন বিকেল ৩টায় রবীন্দ্র-সাহিত্য-শাখার সভা শুরু হয়। সভাপতি প্রভাতচন্দ্র গুপ্ত। অনুষ্ঠানের অঙ্গ হিসাবে রবীন্দ্র-সংগীত ও কবিতা আবৃত্তি ছিল। রবীন্দ্র-সংগীত পরিবেশন করেন কুমারী আরতি সোম, কুমারী তারা সেন এবং দুখু নন্দী ও ভক্তি গোস্বামী। সঙ্গে কুমারী অপরাজিতা মুখোপাধ্যায় ও কুমারী সূচারিতা দেবীর আবৃত্তি। এ-সভায়ও কয়েকটি প্রবন্ধ পেশ করা হয়। গুয়াহাটীর এক প্রতিনিধি ইন্দ্রাণী দত্ত গুপ্তা ‘রবীন্দ্রকাব্যে পরম সুন্দরের রূপরাগ’ পাঠ করেন। এছাড়া বিজয় ভট্টাচার্য ‘আজি হতে শত বর্ষ পরে,’ সত্যেন্দ্রচন্দ্র মজুমদার ‘রবীন্দ্রনাথ’, জ্যোতিরিন্দ্র চৌধুরী ‘রবীন্দ্রদর্শন’ শীর্ষক প্রবন্ধ পাঠ করেন। সভাপতি প্রভাতচন্দ্র গুপ্ত ‘দৈনন্দিন জীবনের আটপৌরে কর্মপরিবেশের মধ্যে রবীন্দ্রনাথের কয়েকটি চিত্র’ অত্যন্ত সরস ঘরোয়া কথোপকথনের চঙে উপস্থাপিত করেন। সবশেষে তিনি বলেন:

‘রবীন্দ্রনাথ অতি প্রত্যয়ে ব্রাহ্মমুহূর্তে শয্যা ত্যাগ করতে চিরাভ্যস্ত ছিলেন। তাঁর আকাশের মিতা জেগেছেন, অথচ তিনি জাগেননি, এমন দুর্ঘটনা তাঁর জীবনে কোনদিন ঘটেছে বলে মনে হয় না। পাখী যেমন বিলীয়মান অন্ধকারেও আপন অশান্ত ডানার ব্যাকুলতায় পূর্বাফেই প্রভাতের আগমনীবার্তা পেয়ে নীড় ছেড়ে বেরিয়ে পড়ে, তিনিও তেমনি আগন্তুক দিবসের সূচনা সমগ্র চৈতন্যে অনুভব করে বেরিয়ে পড়তেন প্রাতর্ভ্রমণে। আশ্রমে যখন প্রথম গিয়েছি, তখন তাঁর চলৎশক্তি ক্ষীণ হয়ে এসেছে। কিন্তু তখনো দেখেছি, আবছা অন্ধকারে ধীরে ধীরে পায়চারি করছেন রাস্তায়। তারপর চলাফেরা যখন কঠিন হয়ে পড়েছে, তখন খোলা আকাশের নীচে বাইরে এসে তিনি চুপাটি করে বসে থাকতেন। এই সময় যখনই গিয়েছি তাঁর কাছে, মনে হয়েছে, একটি নতুন দিন এসেছে আমাদের পৃথিবীর আঙিনায়, সেই আনন্দসংবাদ যেন একমাত্র তিনিই সংগ্রহ করেছেন গোপনে এবং তারই নির্মল মাধুর্যে তিনি প্রতি প্রভাতে পরিব্যাপ্ত করে রাখতেন নিজের সান্নিধ্য।’<sup>২৪</sup>

সমাপ্তির দিনের সবচেয়ে গুরুত্বপূর্ণ অনুষ্ঠান ছিল মূল সভার অধিবেশন। এতে সভাপতিত্ব করেন মূল সভার

সভাপতি এস. ওয়াজেদ আলি। একটি সংগীতের মধ্যে দিয়ে অধিবেশন শুরু হয়। এরপর সর্বসম্মতিক্রমে ছয়টি প্রস্তাব গ্রহণ করা হয়। এই প্রস্তাবগুলি যাঁরা উত্থাপন ও সমর্থন করেছিলেন তাঁদের মধ্যে স্বনামধন্য ব্যক্তিরা রয়েছেন। এবং প্রস্তাবগুলি কতটা দূরদৃষ্টিসম্পন্ন ও গভীর ছিল তা পাঠকের জ্ঞাতার্থে আনা জরুরি। জরুরি এজন্য যে, ১৯৪৫ সনে যে-কথাগুলি তাঁরা ভেবেছিলেন আজও, উত্তর-পূর্বের মানুষেরা এসব ভাবতে পারি না। দু’কদম এগিয়ে তিন পা পিছিয়ে পড়ি ‘পাছে লোকে কিছু বলে’ ভেবে। প্রস্তাবগুলি নীচে হুবহু তুলে ধরা হলো:

#### সন্মেলনে গৃহীত প্রস্তাব

‘নিখিল-আসাম বাংলা ও সাহিত্য সন্মেলনের শিলং অধিবেশনে নিম্নলিখিত প্রস্তাবগুলি সর্বসম্মতিক্রমে গৃহীত হয়-  
১। এই সন্মেলন প্রস্তাব করিতেছেন যে আসাম প্রদেশের ভিন্ন ভিন্ন অঞ্চলের বঙ্গভাষা ও সাহিত্যের সেবামূলক বিচ্ছিন্ন প্রচেষ্টা সমূহকে একীভূত করিয়া আসাম প্রদেশবাসী বাঙ্গালীদের ভাষা সাহিত্য শিক্ষা ও সংস্কৃতির সংরক্ষণ ও পরিপুষ্টি বিধানের জন্য “নিখিল-আসাম বাংলা ভাষা ও সাহিত্য সন্মেলন” নামে একটা স্থায়ী প্রতিষ্ঠান গঠিত হউক।



শিশু সাহিত্য-শাখার সভাপতি  
বিজ্ঞানবিহারী ভট্টাচার্য

এই প্রতিষ্ঠানের বার্ষিক অধিবেশন বিভিন্ন বৎসরে প্রদেশের ভিন্ন ভিন্ন স্থানে অনুষ্ঠিত হইবে।

সন্মেলনের কার্যাদি পরিচালনার জন্য একটা কার্যকরী সমিতি থাকিবে। কার্যকরী সমিতি ২৫জন সভ্য নিয়া গঠিত হইবে।

কার্যকরী সমিতিতে একজন সভাপতি, দুইজন সহকারী সভাপতি, একজন সম্পাদক, দুইজন সহকারী সম্পাদক, একজন কোষাধ্যক্ষ ও ১৮জন সাধারণ সভ্য থাকিবেন। সমিতি প্রয়োজনানুসারে অতিরিক্ত সদস্য গ্রহণ করিতে পারিবেন।

কার্যকরী সমিতি সন্মেলনের বার্ষিক অধিবেশনে নির্বাচিত হইবেন।

কার্যকরী সমিতি সন্মেলনের অধিবেশনে গৃহীত নির্দেশানুসারে কাজ করিবেন এবং সন্মেলনের আদর্শ প্রচার ও কার্যে পরিণত করিবার নিমিত্ত সর্ববিধ ব্যবস্থা অবলম্বন করিবেন।

কার্যকরী সমিতি আবশ্যিক বোধে বিশেষ বিষয়ে আলোচনা ও কর্তব্য নির্ধারণের জন্য কমিটি গঠন করিতে পারিবেন। কার্যকরী সমিতির সভায় পাঁচ জন সভ্যের উপস্থিতিতে কার্য পরিচালনা করা চলিবে।

কার্যকরী সমিতির কার্যালয় শিলং শহরে থাকিবে। কার্যকরী সমিতি প্রয়োজনবোধে অতিরিক্ত নিয়মাবলী প্রণয়ন করিয়া পরবর্তী অধিবেশনে উপস্থিত করিবেন।

প্রস্তাবক- শ্রীযুক্ত সত্যভূষণ সেন,

সমর্থক - অধ্যাপক শ্রীযুক্ত বিভূতিভূষণ গুপ্ত

২। নিম্নলিখিত সভাগণ সমবায়ে “নিখিল আসাম বাংলা ভাষা ও সাহিত্য সন্মেলন”র প্রথম কার্যকরী সমিতি গঠিত হইবে-

সভাপতি: শ্রীযুক্ত পরেশলাল সোম, এডভোকেট জেনারেল, অসম। সহ-সভাপতি: শ্রীযুক্ত ক্ষীরোদ মোহন সেন এম. এ, বি, এল (গোয়ালপাড়া)। সহ-সভাপতি: মৌলবী সৈয়দ মর্তুজা আলী। সম্পাদক: শ্রীযুক্ত কুমুদরঞ্জন ভট্টাচার্য। সহকারী সম্পাদক: অধ্যাপক কুলদাপ্রসাদ চৌধুরী ও মৌলবী আমিনুল হক। কোষাধ্যক্ষ: শ্রীযুক্ত সুনির্মল দত্ত আর, এ। সভ্য: ৮। শ্রীযুক্ত সত্যেন্দ্রমোহন লাহিড়ী, গৌহাটী ৯। শ্রীযুক্ত সত্যভূষণ সেন, গৌহাটী ১০। রায় বাহাদুর শ্রীযুক্ত অপূর্বকুমার ঘোষ এম এল-সি, ধুবড়ী ১১। শ্রীযুক্ত গোপাল চন্দ্র গুপ্ত, নওগাঁ ১২। খান সাহেব মৌলবী আমিরুদ্দিন এম-এ, নওগাঁ ১৩। শ্রীযুক্ত হেমেন্দ্র কিশোর রায় বি-এল, জোড়হাট ১৪। রায় বাহাদুর শ্রীযুক্ত ফণীভূষণ ঘোষ, ডিব্রুগড়। ১৫। শ্রীযুক্ত ব্রজমোহন লাহিড়ী, গৌহাটী ১৬। রায় বাহাদুর হেমচন্দ্র দত্ত এম-এল-সি, শিলচর। ১৭। মিঃ মহীউদ্দিন আহম্মদ চৌধুরী, শিলং ১৮। রায় বাহাদুর যতীন্দ্রনাথ চক্রবর্তী, শিলং ১৯। শ্রীযুক্ত সতীশচন্দ্র চক্রবর্তী, শিলং ২০। অধ্যাপক শ্রীযুক্ত সত্যেন্দ্রচন্দ্র মজুমদার, শিলং ২১। শ্রীযুক্ত শ্রীশচন্দ্র গুপ্ত, শিলং ২২। শ্রীযুক্ত বিভূভূষণ চৌধুরী, শিলং ২৩। শ্রীযুক্ত অখিলচন্দ্র ভট্টাচার্য, হবিগঞ্জ ২৪। শ্রীযুক্ত বিনোদবিহারী চক্রবর্তী, শ্রীহট্ট ২৫। শ্রীযুক্ত রবীন্দ্রকুমার আদিত্য, করিমগঞ্জ।

প্রস্তাবক - শ্রীযুক্ত সুশীলচন্দ্র মজুমদার  
সমর্থক - শ্রীযুক্ত কুসুমরঞ্জন পুরকায়স্থ ।



বধীন্দ্র-সাহিত্য-শাখার সভাপতি  
প্রভাতচন্দ্র গুপ্ত

৩। এই সম্মেলন এতদেশে প্রচলিত বিভিন্ন ভাষা ও সাহিত্যের সার সংগ্রহ ক্রমে বাংলা ভাষায় লিপিবদ্ধ করিয়া এবং বাংলা ভাষা ও সাহিত্যের বিশিষ্ট সম্পদ সমূহ সঙ্কলন ক্রমে এই প্রদেশে প্রচলিত ভিন্ন ভিন্ন ভাষায় প্রচারের ব্যবস্থা করিয়া বিভিন্ন ভাষা ভাষীর সাংস্কৃতিক মিলনের যোগসূত্র স্থাপনের নিমিত্ত সাহিত্যিকবৃন্দ ও সাহিত্যনুরাগী ব্যক্তি মাত্রকে অনুরোধ জ্ঞাপন করিতেছেন ।

প্রস্তাবক - শ্রীযুক্ত সতীশচন্দ্র চক্রবর্তী  
সমর্থক - ডা. সুধীন্দ্র কুমার দত্ত গুপ্ত

৪। বাংলা ভাষার সহযোগে সর্ববিধ উচ্চ শিক্ষাদানের ও পরীক্ষা গ্রহণের আশু ব্যবস্থা অবলম্বনের জন্য এই সম্মেলন কলিকাতা ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষগণকে সনিবন্ধ অনুরোধ জ্ঞাপন করিতেছেন । বর্তমানে প্রবেশিকা পরীক্ষায় ও বাংলা বিষয়ক উচ্চতর পরীক্ষায় ইংরেজী ভাষায় প্রশ্নপত্র প্রদানের ফলে মাতৃভাষার মাধ্যমে শিক্ষা প্রবর্তনের মূল উদ্দেশ্য বিশেষ ভাবে ব্যাহত হইতেছে । এই ব্যবস্থা পরিবর্তনের নিমিত্ত বিশ্ববিদ্যালয়কে বিশেষ অনুরোধ জ্ঞাপন করা হইতেছে ।

প্রস্তাবক - অধ্যাপক শ্রীযুক্ত যতীন্দ্রমোহন ভট্টাচার্য  
সমর্থক - শ্রীযুক্ত বিভূভূষণ চৌধুরী

৫। এই সম্মেলন প্রস্তাব করিতেছেন যে এই প্রদেশের বিভিন্ন অঞ্চলের বঙ্গ ভাষাভাষী অধিবাসী-দিগের প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা একমাত্র বঙ্গ ভাষার সাহায্যে প্রদান করা হউক । বর্তমানে এই প্রদেশের ভিন্ন ভিন্ন স্থানে বাংলা ভাষায় শিক্ষাদানের পক্ষে যে সব অসুবিধা বাঙ্গালী সমাজ অনুভব করিতেছেন, এই সম্মেলন তাহর প্রতিকারার্থে সরকারের আশুদৃষ্টি আকর্ষণ করিতেছেন । এই উদ্দেশ্য উপযুক্ত ব্যবস্থা অবলম্বনের জন্য নিম্ন লিখিত ব্যক্তিগণকে নিয়া একটি কমিটি গঠিত হউক । এই কমিটি সনোলের কার্যকরী

সমিতির নিকট তাহাদের মন্তব্য পেশ করিবেন ।

সভ্যগণ - মৌলবী আব্দুল রৌফ এম. এল. এ, শ্রীযুক্ত ক্ষিতীশচন্দ্র, গুহ-নওগাঁ, শ্রীযুক্ত রমণীমোহন সেন - ধুবড়ী, শ্রীযুক্ত সত্যেন্দ্রচন্দ্র দাশ গুপ্ত—মঙ্গলদই  
প্রস্তাবক— শ্রীযুক্ত তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়  
সমর্থক—মিস্ উষা ভট্টাচার্য, মিস্ সুশীলা সেন ও শ্রীযুক্ত শ্রীশচন্দ্র গুপ্ত ।

৬। বর্তমান পরিস্থিতিতে ও সর্বব্যয় এই প্রদেশের সংখ্যাগরিষ্ঠ সম্প্রদায় বাঙালি ও বঙ্গ ভাষাভাষীদের সর্ববিধ উচ্চ শিক্ষা ও বৈজ্ঞানিক ও ব্যবহারিক শিক্ষা লাভের সুযোগ দানের নিমিত্ত অবিলম্বে একটি বিশ্ববিদ্যালয় স্থাপনের নিমিত্ত এই সম্মেলন বঙ্গ ভাষা ভাষী অঞ্চলসমূহের জননেতা চিন্তানায়ক ও শিক্ষাবিদগণকে সনিবন্ধ অনুরোধ জ্ঞাপন করিতেছেন ।

প্রস্তাবক- শ্রীযুক্ত পরেশলাল সোম এডভোকেট জেনারেল  
সমর্থক - অধ্যাপক শ্রীযুক্ত কুলদাপ্রসাদ চৌধুরী  
শ্রীযুক্ত সুনির্মল দত্ত  
মৌলবী আকলাকুর রহমান  
মাননীয় শ্রীযুক্ত বসন্তকুমার দাস ।<sup>২৬</sup>



প্রদর্শনী-উদ্যোক্তক  
সৈতেন্দ্রমোহন সাহিত্যিক

এরপর সভাপতি তাঁর সংক্ষিপ্ত ভাষণে স্বল্পসময়ে এমন একটি অনুষ্ঠান সবাঙ্গসুন্দর করে আয়োজন করার জন্য উদ্যোক্তার ভূয়সী প্রশংসা করেন । গুয়াহাটীর বঙ্গীয় সাহিত্য-পরিষদ-এর সভাপতি সত্যভূষণ সেন অভ্যর্থনা সমিতি ও শিলংবাসীকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান । ধন্যবাদ জ্ঞাপনের পর 'জনগণমন অধিনায়ক জয়হে' সামূহিকভাবে গাওয়া হয় এবং রাত ৮টায় 'নিখিল-আসাম বাংলা ভাষা ও সাহিত্য সম্মেলন'-এর প্রথম অধিবেশন সমাপ্ত হয় । অবশ্য 'শেষ হয়েও হইল না শেষ',—সভামণ্ডপে অসমের প্রচার বিভাগ থেকে ছায়াচিত্র প্রদর্শনের ব্যবস্থা করা হয় শেষে এবং স্থানীয় অপেরা হল-এ তারাশঙ্করের 'দুইপুরুষ' নাটক অভিনীত হয় ।

□□□

## সময়ের শিকার

শ্রী বাপন দাস, প্রবন্ধ, বাংলা বিভাগ

গৌহাটি স্টেশন লোকলোকারনী, ভীষন ব্যস্ত । প্রতিদিন এতো মানুষ কোথায় যায় কে জানে । স্টেশনের দিকে তাকিয়ে থাকতে থাকতে কিছুটা অন্যমনস্ক হায় পড়েছিলাম; হঠাৎ মায়ের ডাকে চমকে উঠি । মা বললেন- 'বাবু টিকিটটা ভালো করে রেখেছো তো ? মিনারেল ওয়াটারের বোতল দু'টো নিও নিত ।' পাশ থেকে বাবা 'দেশ' ও কুরুকুরে দু' পেকেট হাতে দিয়ে বললেন সতর্ক থেকে । তাঁদের ধারণা আমি যেন শিশু, কিছুই জানি না । এতো লোকের মধ্যে তাঁদের উপদেশ শুনতে শুনতে হঠাৎ মেজাজটা বিগড়ে যায় । বেশ ঝঁঝিয়েই বললাম - তোমরা কী-শুরু করেছো, পাশে বসা যাত্রীরা আমার দিতে হাঁ করে তাকিয়ে আছে । আমি কোনো মতেই তাদের বুঝতে দেইনি যে আমি সদ্য বি.এ. পাশ করা একজন যুবক ।

ইতিমধ্যে ট্রেন ছাড়ার সময় হলো মা-বাবা বিদায় নিতে গিয়ে বললেন- 'বাবু টেনে-বেশি কথা বলবে না, কেউ কিছু দিলে খাবে না । আরও বললেন যে-হাওড়া স্টেশনে নেমেই যেন একটা ফোন করি । টেনের দরজায় দাড়িয়ে যখন মা-বাবাকে ক্রমে প্রকৃতির সঙ্গে মিলিয়ে যেতে দেখি তখনই মনে একই সঙ্গে আনন্দ ও ভয় অনুভূতি হলো । ভয় নির্ঝিয়ে পৌঁছবো তো ? আর আনন্দ-এই প্রথম এক বাইরে যাবার রোমাঞ্চে । নিজের লাগেজ গুলো ঠিকঠাক করে রেখে যখন সিটে বসি তখনই কে যেন পিঠে হাত দিয়ে বলল- 'অরিন্দম না' । আওয়াজটা বেশ পরিচিত যেন সঙ্গে পড়েছে । গভীর আন্তরিকতা ছিলো আমাদের মধ্যে । বিক্রমের মায়ের হাতের রান্না ছিলো অপূর্ব । বিক্রমের মা আমাকেও পুত্রের মতোই মেহ করতেন । অবসর সময় বেশ কাটছিলো বিক্রমের ছোট বোন প্রীতিকে নিয়ে ।

পুরণো বন্ধকে পেয়ে চঞ্চল মনটা একেবারে শান্ত হয়ে এলো । বিক্রমের সঙ্গে কথা বলতে বলতে হঠাৎ দেখি ওর দু'গাল বেয়ে অশ্রু গাড়িয়ে পড়েছে । সঙ্গে সঙ্গে মনটা কৌতূহলী হয়ে উঠল । তাই ওকে জিগ্যেস করলাম- 'তুই এখন কী করছিস? মাসিমা কেমন আছেন; আর প্রীতির পড়াশোনা? মেশোমশাই পৃথিবী থেকে চলে যাবার পর তেজপুুর থেকে গৌহাটি মামার বাড়ি চলে গেলি; তারপর আর কোনো খবরই পাইনি তোর । কিছুসময় পর বিক্রম শান্ত ও উদাস স্বরে বলল- 'খবরের কি কোনো প্রয়োজন ছিলো? আমারও কিছু বলার আর সাহস হলো না কারন আমিও বিক্রমের খবর নেবার চেষ্টা করিনি । বিক্রম খুব মেধাবী ছাত্র ছিলো । সেবছর উচ্চতর মাধ্যমিকে দরং কলেজ থেকে ইতিহাস ও অর্থনীতিতে সর্বোচ্চ নম্বর লাভ

করেছিলো । বিক্রম আমার খবার জানতে চাইলে বললাম- সদ্য বি.এ. পাশ করেছি, পর এরপর এম.সি.এ করার ইচ্ছে আছে । আচ্ছা বিক্রম এখন তুই কী করছিস ? বিক্রম বলল বাবা চলে যাবার পর আসল পৃথিবীটাকে চিনতে পারলাম । 'হৃদয়' বলে কোনো শব্দটি এখন শুধু সাহিত্যেই ব্যবহৃত হয় । মানুষের হৃদয় আজ চাপা পড়ে গেছে টাকা-পয়সায় । আজ বুঝতে পারছি টাকার মূল্যই এ সমাজে সবাচয়ে বেশি । সংসার বাজারে সম্পর্কের কোনো মূল্যই নেই । শেষ পর্যন্ত মামা বাড়িতেও ঠাই হলো না । নিরুপাই হয়ে একজন নেতার দলে যোগদান করি । আর তিনিই আমাদের থাক খাবার সু-ব্যবস্থা করে দেন । পড়শোনার কথা আর বলিস না- (ক্ষুধার রাজ্যে পৃথিবী গদ্যমর্ষ) । বাবা কিছুই রেখে যাননি তাই পেটের তাগিদে শেষে মুন্নাভাইর কাছে নিজেকে সঁপে দিলাম । তিনিই চাকরি দিলেন । প্রথামাবস্থায় ওই চাকরি করতে বিবেকে দংশন করেছিলো যদিও এখন অবশ্য নিজেকে মানিয়ে নিয়েছি । কারণ যেদিন 'ইন্টারনেশনলে' মার ক্যান্সার ধরা পড়ল সেদিন আর নিজেকে ধরে রাখতে পারিনি । মা আজ মৃত্যুর সঙ্গে যুদ্ধ করছেন । তাঁকে বাঁচাবার জন্য পঞ্চাশ হাজার টাকার প্রয়োজন । বিক্রমের মুখে তার দুরবস্থার কথা শুনে আমার হৃদয়টা নাড়া দিয়ে উঠে । আমি জিগ্যেস করলাম এখন তুই কোথায় বাছিস? বিক্রম বলল- বোলপুরে, যদি 'ড্রিলটা' করতে পারি তাহলে মা নব জীবন পাবেন ।

বিক্রমের দুঃখ ভবা কাহিনির আবেগিক বাতাসে গোটা রাতটা গোটা রাতটা কেটে গেল । পরদিন দুপুরের আহ্বারের পর বিক্রম বলল- কিছুদিন আগে পর্যন্ত মা তাঁদের কথা খুব কবে বলছিলেন, এখন আর বলেন না । বিক্রম কথা বলতে বলতে টিফিন রান্না থেকে পিঠে ও লাডু বের করে আমার হাতে তুলে দিতেই মাসিমার প্রতিছবি আমার চোখের সামনে ভেসে উঠে । সারারাত ঘুম হয়নি বলে বিক্রম আমাকে ঘুমিয়ে থাকতে বলল । আর একথাও জানালো যে হাওড়ায় জাগিয়ে দেবে । নিশ্চিত মনে আমি ঘুমিয়ে পড়ি । ঘুম ভাঙল ঠিক হাওড়া পাবার আগমুহূর্তে । বিক্রমকে দেখতে না পেয়ে সন্মুখে বসা ভদ্রলোককে জিগ্যেস করতেই, উনি বললেন- সে তো চলে গেছে, যাবার আগে আমাকে বার বার করে বলে গেছে আপনাকে হাওড়া স্টেশনে জাগিয়ে দেবার জন্যে । আমি ভাবলাস হয়ত বিক্রম সত্যি সত্যিই আমার ঘুম ভাঙাতে চায়নি । হাওড়া স্টেশনে ব্যাগ নামাতেই আমার মাথায় যেন আকাশ ভেঙে পড়ল । দুর্গা পূজোয় বোনের জন্য নিয়ে আসা নতুন কাপড়ের জন্য নগদ দশ হাজার টাকা ও নেই, সোনার হার রাখা ব্যাগটিও নেই । তখনই বিক্রমের প্রতিছবি আমার চোখের সামনে ভেসে উঠল ..... । তাহলে কি বিক্রম আমার সঙ্গেই ড্রিলটা করতে এসেছিল ?

□□□



## পায়েলের বিশেষ দিনটি

সুজয় চক্রবর্তী  
স্নাতক প্রথম বর্ষ

জীবনের কিছু ঘটনা, কিছু মুহূর্ত হৃদয়-মনের সঙ্গী হয়ে থেকে যায়। আবার কিছু কিছু টুকরো স্মৃতি মনের খাতা থেকে হারিয়ে যায় চিরতরে। বিশেষকরে জীবনের গুরুত্বপূর্ণ মোড়গুলো কেউ ভুলতে পারে না কোনোদিনও। যেমন পারেনি পায়েলেও। আজ পায়েলের বিবাহ-বার্ষিকী। সকাল থেকেই তার মনে আনন্দের জোয়ার এসেছে। এই দিনটি প্রত্যেক বিবাহিতা মেয়ের জীবনে আসে। জীবনের এই দিনটিকে ঘিরে সব মেয়ের মনেই কিছু কিছু স্বপ্ন থাকে। পায়েলও এর ব্যতিক্রম নয়। কারণ সেওতো সাধারণ মধ্যবিত্ত ঘরের আর পাঁচটা মেয়েরই মতো। কিন্তু এই আনন্দের দিনে পায়েলের মনকে এক অজানা আশংকায় ভর করেছে। সকাল থেকেই সে তার বর অরুণ শইকীয়া কে এই সম্বন্ধে বার বার বলেছে অরুণ তাকে অভয় দিয়ে বলেছে “তুমি চিন্তা করোনা, সব ঠিক হয়ে যাবে।”

পায়েল তার বান্ধবীর মুখে শুনেছে ঘর থেকে আজকের দিনটিতে তাকে কিছু একটা খবর জানানো হবে। তারই প্রতীক্ষায় সে ব্যস্ত। এই একটা বছর তাকে কোনো দুঃখ কষ্টের সন্মুখীন হতে হয়নি। অরুণ তার সাধ্যমত তাকে আনন্দ দিয়েছে। পায়েলের যাতে কোনো কষ্ট না হয় সে দিকেও সে খেয়াল রেখেছে। সাধারণ প্রাইভেট কোম্পানীর ম্যানেজার অরুণ। তাই কাজের চাপ তার উপর প্রচুর। সকাল দশটা-পাঁচটার গুণ্ডীর বাইরেও তার কাজের মসয় আরো বেশি। আর এই নিয়েই অবশ্য অরুণের উপর পায়েলের ক্ষোভ। কিন্তু সেই ‘সময়’ নিয়ে তাদের প্রেম ভালবাসার জীবনে কোনো প্রভাব পড়েনি। আজ পায়েলের মন সেই বিকেলের খবর শুনার জন্য উদগীর হয়ে আছে।

এই মাত্র এক পশলা বৃষ্টি হয়ে গেল। এখনো বন্ধ হয়নি ঠিকমতো। বাবেই চলেছে একটানা। মধ্য-শীতের এমন অকাল বৃষ্টিতে হিমেল ঠাণ্ডা যেন জাঁকিয়ে বসেছে দ্বিগুণ উৎসাহে। ঝিরঝির ধারায় মন খারাপ করা বিকেলটা যেন কাটতেই চায় না পায়েলের। সারাদিন একা একা কাজকর্ম শেষ করার পর বিকেলে একটু সময় সে বিশ্রাম নেয়। আর সেই ফাঁকে প্রায়ই পায়েল হারিয়ে যায় তার স্বপ্নের জগতে। যেন স্বপ্নের ঘোরে একের পর এক উলটে যেতে থাকে নিজের জীবন দুবির অ্যালবামে পাতাগুলো।

আর পাঁচজন বাবার মতো পায়েলের মা-বাবাও পায়েলকে খুব ভালবাসতেন। পায়েলের বাবা সাধারণ অপিসের কেরাণী দিছেন। তিনি তাঁর দুটি সন্তানের মধ্যে পায়েলকেই বেশি ভালোবাসতেন। কারণ তাঁদের বিয়ের বেশ কয়েক বছর প্রথম সন্তান জন্মায়, আর সেই প্রথম সন্তানই পায়েল। ভাই পায়েল তার আরেকটি ভাই আসার আগে পর্যন্ত কোনো কিছুর অভাববোধ করেনি।

আশে-পাশের আরো ছেলে-মেয়ের মতো যথাসময়ে পায়েল স্কুলে ভর্তি হয়। পড়াশুনায় অবশ্য পায়েল মোটেই খারাপ ছাত্রী ছিলনা। সময়মতো সে চতুর্থশ্রেণির বৃত্তি ও পায়। তারপর সপ্তম শ্রেণিতেও সে বৃত্তি পায়। তাই মা-বাব, এমনকি শিক্ষক-শিক্ষয়িত্রীদেরও গর্ব পায়েলকে নিয়ে। আত্মীয়-স্বজনরাও পায়েলের প্রশংসায় পঞ্চমুখ। প্রকৃতির নিয়মে বড় হতে থাকে পায়েল। স্কুল ফাইনাল পরীক্ষায় সে দ্বিতীয় বিভাগে পাশ করে। এ নিয়ে অবশ্য কোনো প্রশ্ন ছিলনা তার অবিভাবকদের মনে। কারণ প্রয়োজন মতো তাঁরা তাকে সাহায্য করতে পারেন নি। কারণ তখন তার

ভাইও চতুর্থ শ্রেণিতে পড়ে। সবার খাওয়া-দাওয়া, কাপড়-চোপড়ের খরচ যোগানোর পর ঠিকমতো পড়ার খরচ মেটাতে তাদের খুব কষ্ট হত। আশে-পাশের বন্ধু-বান্ধবীর মতো শেষে পায়েলেও কলেজে ভর্তি হয়েছিল উচ্চ-মাধ্যমিক ক্লাসে।

পায়েলের সঙ্গে কলেজেই দেখা হয়ছিল অরুণের। আর সেখান থেকেই পায়েলের জীবনের এক নতুন অধ্যায় শুরু হয়। অরুণ তখন স্নাতক দ্বিতীয় বর্ষের ছাত্র। তখনও ওরা কেউই প্রেমের সংজ্ঞা মুখস্থ করে উঠেনি। কিন্তু সেদিনের সেই প্রথম দর্শনে দুজনেরই অন্তরে যে এক কোমল অনুভূতির জন্ম নিয়েছিল, সেটাই যে প্রেম তা বুঝে ওঠতে বিশেষ কষ্ট হয়নি কারও। আর সেটা বুঝতে পেরেই একটা তীব্র মানসিক উত্তেজনার মতো দুজনে এগিয়ে গিয়েছিল দুজনের দিকে। হাওয়ায় ভেসে বেড়াতে বেড়াতে এতো কাছাকাছি চলে এসেছিল যে বিপ্লবে অভিভূত হয়ে গিয়েছিল উভয়েই। এমনি করে সময় এগোতে থাকে আর সময়ের সঙ্গে পরিণত হতে থাকে অরুণ আর পায়েলের প্রেম। এক রঙিন বসন্তের সুন্দর সকালে কলেজের এক কোণে গোলাপ আর রঙিন ডালিয়ার ফাঁকে সাসের উপর পা দুটি যুড়িয়ে বসে অরুণ অনেক ক্ষণ ধরে একদৃষ্টিতে তাকিয়ে থাকে পায়েলের মুখের দিকে। লজ্জা পেয়ে পায়েল বলে - “আশ্চর্য! কী দেখছ বলতো? এর আগে কোনোদিন দেখনি আমাকে?”

তাকাতে তাকাতেই আস্তে আস্তে ফিসফিসিয়ে বলে অরুণ - “না পায়েল, তোমার এত রূপ যেন আজই প্রথম দেখতে পাচ্ছি, ডিসটার্ব করো না প্লিজ। আসলে নিত্যানতুন তোমাকে আবিষ্কার করি আমি। ভাবছি এতদিন কেন খুঁজে পাই নি আমি। কোথায় ছিলে তুমি? জীবনের এতগুলো বছর তোমাকে ছাড়া কাটিয়ে দিলাম কেমন করে? এখন পারব একেবারে অসম্ভব। আচ্ছা তুমি পারবে?”

“জানি না। আমি তো তুমি ছাড়া জীবনের কথা কল্পনাও করতে পারি না”- বাস্তবভিত্তিক কথায় জবাব দেয় পায়েল - কিন্তু অরুণ, আমাদের সম্পর্কের মধ্যে যে জাতপাতজনিত এক অপ্ৰয়োজনী অমূলক, অদৃশ্য প্রতিবন্ধকতা রয়েছে। সে নিয়ে কিছু ভেবেছ? পরিবারের লোকদের সামলানো যাবে তো? না হলে কী হবে সেটা কি একবারাও ভেবে দেখেছ? বাস্তব কিন্তু কল্পনার মতো এতো রঙিন নয় অরুণ!”

“আমাদের প্রেম-ভালবাসা দিয়ে সব প্রতিবন্ধকতা নিশ্চই

জয় করতে পারব পায়েল। তুমি নিশ্চিত থেকে। এ-ভাবনা তোমার নয় আমার সময় মতো আমি সব সাজিয়ে নেবো। জীবনে সবকিছু হারাতে রাজি আছি, কিন্তু তোমাকে নয়।”

কথায় কথায় অনেকটা সময় চলে যায়। কলেজের তৃতীয় ঘন্টা পড়ে গেছে ইতিমধ্যে। সময়ের দিকে তাকিয়ে এগোতে থাকে অরুণ পায়েল। হঠাৎ পশ্চিমকোণ কালো হয়ে আসায় দ্রুত পা চালায় দুজনে - গ্রেজুয়েট হয়ে অরুণ ছোটখাটো একটা চাকরী পেল। এখন সে পায়েলকে নিয়ে ঘর বাঁধার স্বপ্ন দেখে, বিয়ে করতে চায়।

আজ থেকে ঠিক এক বছর আগে এমনি একটি দিনে পরিণীতা হয়েছিল পায়েল। জীবন যুদ্ধের সে এক স্মরণীয় দিন। দু-দুটি বছরের অকৃত্রিম ভালোবাসার জয় হয়েছিল অবশেষে। অরুণের সঙ্গে ওর প্রেমকে সহজভাবে মেনে নিতে পারছিলেন না পায়েলের মা-বাবা। কারণ অরুণ অ-বাঙালি। তার উপরি তার মা-বাবা কেউই বেঁচে নেই। সাধারণ মধ্যবিত্ত ঘরের কেউই চান না মেয়ের ভিন্ন জাতের ছেলের সাথে বিয়ে হোক। তাছাড়া পায়েলের মা-বাবা তাকে খুব ভাল বাসতেন। তাই তাদের মনে তাকে নিয়ে অনেক স্বপ্ন ছিল। ওরা ভেবেছিলেন মেয়েকে দেখে শুনে প্রতিপত্তিশালী ঘরে বিয়ে দেবেন। কিন্তু পায়েল তাঁদেরকে কোনো মতেই বুঝিয়ে উঠতে পারেনি যে, সে অরুণকে ছাড়া আর কাউকে বিয়ে করবে না। কারণ সে অরুণকে খুব ভালোবাসে। তাকে জীবন-সঙ্গী হিসেবে পেতে চায়। দীর্ঘ দুটি বছরের নিখাদ ভালোবাসার জোরেই হয়ত শেষ পর্যন্ত পায়েল ঘর থেকে পালিয়ে এসেছিল অরুণের কাছে। দুজনে এক মন্দিরে গিয়ে বিয়ে করেছিল। কিন্তু হায়! এই বিয়েতে মা-বাবা কেউই রাজি ছিলেন না, তাই তাঁরা তাদেরকে ঘরে উঠবার অনুমতি দেন নি।

তা নিয়ে অবশ্য অরুণকে কোনোদিনই পায়েল দোষারূপ করেনি। কারণ অরুণ তাকে পালিয়ে আসতে বলেনি, বলেছিল সবাইকে ভালো করে বুঝতে। বিয়ে করে দুজনে বেশ ভালোই ছিলো। তথাপি মা-বাবার কাছে যাওয়ার জন্য মেয়ের মন খুব উতলা হয়ে থাকত। কিন্তু উপায় নেই।

“ক্রিঃ” “ক্রিঃ” হঠাৎ করে ফোনের শব্দে সম্বিত ফিরে পায় যেন পায়েল। দৌড়ে গিয়ে ফোন তুলতেই ওপার থেকে যেনে ভেসে আসে মায়ের পরিচিত কন্ঠের সুললিত আহ্বান ..... “পায়েল, তোরা আসছিস তো?.....”।

## অব্যক্ত বেদনা

শ্রী সূজয় চক্রবর্তী  
স্নাতক দ্বিতীয় বর্ষ



জীবনের বিশেষ বিশেষ দিনগুলো কেউ কোনদিন ভুলতে পারেনা। নানারকম স্মৃতি, নানা, মুহূর্ত মনের মণিকোঠায় অনেকে আগলে রাখে, যেমন রেখেছিল অর্পন। আজ দুর্গাপূজা। সবাই আনন্দে মেতে উঠেছে। আকাশে-বাতাসেও যেন আগমনীর সুর বইছে। শরতের কাশফুল, শেফালি সবাই যেন মা শারদাকে আবাহন করার জন্য ব্যস্ত হয়ে উঠেছে। মগুপে, সাজ-সাজ রব পড়ে গেছে। ঢাকের বাদ্যি, চণ্ডীপাঠ সবার মনে যেন নতুন প্রাণের সঞ্চার করেছে। সবার সঙ্গে তাল মিলিয়ে অর্পন, তরুণ ও টিকু তিন বন্ধু মিলে দেবীকে অঞ্জলি দেবার জন্য রওনা হয়েছে। তিনবন্ধু প্রত্যেকবার সবাই মিলে অঞ্জলি দিতে যায় ওদের বারোয়াড়ী পূজা মগুপে। তারপর সেখান থেকে ওদের শুরু হয় পূজা বেড়ানোর পালা।

তিন বন্ধুতে ওদের খুব ভাব। ছেলেবেলা থেকে একইসঙ্গে একইস্কুলে ওরা পড়াশুনা করেছে। স্কুলের দশজন উজ্জ্বল ছাত্রের মধ্যে ওদের তিনজনের নাম থাকত। স্কুল জীবন শেষ করে কলেজ জীবনের ওরা একই সঙ্গে আছে তাই অনেক ঈষা ওদের বন্ধুতে। সামাজিক কাজেই হোক আর উন্নয়ন মূলক কাজেই হোক ওরা তিনিজন সবসময় এগিয়ে যায়। একজনের মনের কথাও আরেক জনের অজানা নয়। সময়ের সঙ্গে তাল মিলিয়ে ওদের বন্ধুত্ব দিন-দিন ঘনীভূত হচ্ছে। এমনকি একজন ছাড়া আরেকজনের যেন চলেই না।

অঞ্জলি দিয়ে তিনবন্ধুতে বেড়িয়ে পড়ল দেবী দর্শন করতে। একের পর এক মগুপ দেখে শেষে ওরা গেল শহরের মুখ্য আকর্ষণ 'ডলফিন' ক্লাবে। সেখানে গিয়ে ওরা আনন্দে মেতে ওঠল। তাদের চির-পরিচিত আরো দু'একজন তাদেরকে দেখে পূজোর অভিনন্দন জানাতে আসে। ঠিক সেই সময় অর্পিতার সঙ্গেও দেখা হয়। তরুণ দুই একবার অর্পিতার বাড়ীতেও গেছে। তরুণই অর্পন এবং টিকুকে অর্পিতার সাথে পরিচয় করিয়ে দেয়। পরিচয় পর্ব শেষ হওয়ার পর ওরা সবাই এক সঙ্গে বসে পূজোর আনন্দময় ক্ষণগুলো যখন উপভোগ করেছে, ঠিক সেই সময় অর্পিতার মার ডাক পড়ল। অর্পিতা তার মাকে সবার সঙ্গে পরিচয় করিয়ে দেয়। ভারি মিষ্টি ভদ্রমহিলার ব্যবহার। অর্পিতার মা-ও সবাইকে পূজোর শুভেচ্ছা জানিয়ে বিদায় নেন।

অর্পনের সঙ্গে অর্পিতার পূজা মগুপেই প্রথম দেখা, আর সেদিন থেকেই তার জীবনের একটি গুরুত্বপূর্ণ অংশ হয়ে দাঁড়ায় অর্পিতা। অর্পন তখন বি.এ. ফাষ্ট ইয়ারের ছাত্র। তখনও অর্পনের প্রেম সম্পর্কে বিশেষ ধারণা ছিল না, কারণ ওই তিনবন্ধু কোনদিনও প্রেমের ধার ধারেনি। কিন্তু সেদিনের পর থেকেই অর্পনের মনে যে এক অনাবিল অনুভূতির সৃষ্টি

হয়েছিল, সেটাই যে প্রেম তা বুঝে ওঠতে বিশেষ অসুবিধা হয়নি অর্পনের। অর্পনের মনে প্রশ্ন জাগে তাহলে কি "অর্পিতা আমাকে .....?"

তারপর থেকেই অর্পন অর্পিতার ঘরে যাওয়ার জন্য সুযোগ খুঁজে বেড়ায়। তার মনের এই অবস্থা স্পষ্ট ভাবে ধরা পড়েছে তরুণ এবং টিকুর কাছে। তরুণ অর্পনকে বলে - "কি বন্ধু তুমি বেশ ডুবে ডুবে জল খাচ্ছ দেখি, ব্যাপারটা কী" টিকু বলে "তুই কি শেষ পর্যন্ত মজানু হয়ে উঠিল?" অর্পন বন্ধুদের কথা শুনে লজ্জায় লাল হয়ে যায়, এবং ওদের পিঠ চাপড়িয়ে 'ধ্যাৎ' বলে সরে যায়।

এখন নোট আনা, Freindship day সত্র ইত্যাদি নানা ধরণের বাহানা নিয়ে অর্পন অর্পিতাদের ঘরে যায়। অবশ্য সে একা কোনদিনই যায় নি, তার সঙ্গে বেশীরভাগ তরুণই গিয়েছে, কারণ তরুণই অর্পিতাদের বাড়ি চেনে। ওদের বাড়িতে অর্পনের অনাদর কখনও হয়নি। অর্পিতা তার মাধ্যমে তাকে নোট, বই ইত্যাদি যোগান দেয়, তার মা-ও অর্পনকে খুব ভালবাসেন কারণ আজকের বাজারে অর্পনের মত ছেলে হয়না। সে দেখতে যেমন সুন্দর, তেমনি স্মার্ট। অর্পিতার কথাবার্তার মধ্যেও কোনো ফাঁক খুঁজে পায়না অর্পন। তাই সে তাকে, তার মনের কথা আজ পর্যন্ত বলে উঠতে পারেনি।

একদিন অর্পিতা ফোন করে অর্পনকে বলে যে আগামী রবিবার ওরা পিকনিকে যাবে, অর্পনরা ও যেন ওদের সাথে যায়। এই কথা শুনে সে খুব আনন্দিত হয়। কিন্তু তরুণ ও টিকুর কিছু অসুবিধা থাকায় তাদের আর যাওয়া হয়ে ওঠেনি। অর্পন অর্পিতাকে ফোন করে না যাওয়ার সিদ্ধান্তটা জানায়। এনিয়ে অবশ্য অর্পন বন্ধুদের না যাওয়ার জন্য দু'এক কথা শুনাতেও ছাড়েনি। সে বলেছে, "আমি ভেবেছিলাম পিকনিকে গিয়ে মনের কথা অর্পিতাকে খুলে বলব। কিন্তু তোরা আর সে সুযোগ আমাকে দিলি না।"

কিছু দিনের মধ্যে অর্পন অর্পিতাদের খুব ঘনিষ্ঠ হয়ে ওঠেছে। কোন রকম পূজা আনন্দ অনুষ্ঠানে ওর নিমন্ত্রণ থাকে সে বাড়িতে। সেও মনের আনন্দে সেখানে যায়, এবং

তার সাধ্য মত খেটে-খুটে দিয়ে আসে। তার মনে হত তাদের সব ব্যাপারে সাহায্য করলে বা মিশলে তাদের কাছে আরও আপন হয়ে ওঠবে। কয়েক মাসের মধ্যেই ঘরের সবাই ও অর্পনকে তাদের ঘরের একজন বলে অনুভব করতে লাগল।

এমনি করে বৎসর ঘনিয়ে এল। অর্পনের সাথে অর্পিতার ভাব আরও জমে উঠল। কিন্তু অর্পন তার মনের ভাব প্রকাশ করতে পারল না। অর্পিতাও অর্পনকে এ সম্বন্ধে কোন কিছুই বলেনি, শুধু বন্ধুত্বের মধ্যেই তাকে সীমাবদ্ধ রেখেছে।

এক বৎসর পর আজ আবার দুর্গাপূজা এসেছে। প্রত্যেক বারের মত অর্পন, তরুণ এবং টিকু তিনবন্ধু মিলে গিয়েছে অঞ্জলি দিতে। এই এক বৎসরে অর্পন তার নিজের জীবনকে অন্যরকম ভাবে দেখেছে। আজ তার মনে খুব ফুর্তি। কারণ তাদের কথামত অর্পিতা পূজা মগুপে আসবে এবং সে তাকে আজ যেমন করেই হোক মনের কথা খুলে বলবে। অর্পন দেবীর পায়ে অঞ্জলি দিয়ে এই বর চেয়ে নিল, "মা দুর্গা তুমি আমাকে শক্তি দাও আমি যেন আমার কাজে আজ সফল হই।" অঞ্জলি পর্ব শেষ করে যেখানে অর্পিতা আসবে সেখানে ওরা গেল।

তিন বন্ধু মিলে চেয়ারে গিয়ে বসবে, এমন সময় পেছন থেকে 'অর্পন' ডাকটি শুনতে পেয়ে সে তাকিয়ে দেখল অর্পিতা একটি ছেলের হাত ধরে দাঁড়িয়ে তাকে ডাকছে। অর্পন তার ডাক শুনামাত্র সেখানে গেল। মনে ভীষন আনন্দ এবং ভয়, কিভাবে অর্পিতাকে তার ভালবাসার কথা বলবে।

তখনই অর্পনের মনের কল্পনার অবসান ঘটিয়ে অর্পিতাই ওদের তিনজনের সাথে ছেলেটির পরিচয় করিয়ে দেয়, "ও আমার হবু জীবনসার্থী।"

অর্পন আর কিছুই বলতে পারল না, শুধুমাত্র হৃদয় ভাঙ্গার দুঃখে বুক ভরা বেদনা নিয়েই সেখান থেকে বিদায় নিল।

□□□

## আশা

সোমা দাস

প্রবন্ধ, বাংলা বিভাগ

ছিন্ন আকাশ ছিন্ন হৃদয়  
বিছিন্ন এই জীবন তবু —  
ভেসে যেতে চায় অবাধ্য হৃদয় আজ,  
কেন বোঝে না আশা যে কেবলই আশা ।  
সবই মিথ্যা ছিলনা  
সবই অন্ধ এই মনের ভাষা ।  
গ্রীষ্মের মেঘলা আকাশের মতো,  
গুমোট উঠেছে আমার মন ।  
চায় শুধু শান্তি, নেমে আসুক বর্ষা,  
ভাসিয়ে নিয়ে যাক সব জীর্ণতা ।

আজ আশা রূপান্তরিত হোক বাস্তবে  
মনে জাগে আবার এক আশা !

আশা যে কেবলই আশা,  
সবই মিথ্যা ছিলনা ।



## “একহাত অন্যহাত”

কুমার বিষ্ণু দে

অধ্যাপক বাংলা বিভাগ  
এন. বি. কলেজ, বরদপুর

সবুজ পাতাটির মত হতে হতে —  
নদী হয়ে গেলে ফাগুন সন্ধ্যায়,  
এখন একহাত অন্যহাত দিনরাত  
অগ্নি পরীক্ষার সতী নারী !  
আকাশের দিকে হাত তুলে দিন গুনা  
রাত্রি আসে স্বপ্ন নিয়ে পূর্ণিমার  
ড্রয়িং রুমে মদন-মন্ত্র জ্ঞান  
মেঠো ডালবাসায় সকাল ভোলা  
বন্ধুরা পথ-চলায় ‘মৃদু দৈতো হাসি’  
একটা ব্যথা, আনন্দ হিরন্য বাঁশি ।



## একবিংশের মানুষ

শ্রী বাপন দাস

প্রবন্ধ, বাংলা বিভাগ

প্রকৃতির আজ গভীর অসুখ —  
সর্বত্র হাহাকার - অত্যাচার-নির্যাতন  
শোষণ- নিপীড়ন - লুণ্ঠন আর ধর্ষণ ।  
চাই, আরো চাই, আরু চাই .....  
আমার, আমার, আমার — ।

## মর্মজ্বালা

শ্রী বাপন দাস

প্রবন্ধ, বাংলা বিভাগ

নির্মল নির্ভেজাল জীবনে  
একদিন এক যুবতী এসে —

উনি আছেন ? কেন ? না একটু প্রয়োজন .....

সেদিন কাঠফাটা রোদ্দুর,  
অফিস থেকে ফিরছি, ব্যাগে জলও নেই,  
তেষ্টায় ফাটাছিলো বুকটা ; রেইটরেন্ট-এ ঢুকে  
একটোক জল গিলতেই সামনের ডাইনিং-এ  
সে যুবতী আর —

কী যেন এক বিষম জ্বালা মনে  
যন্ত্রনা ঘনীভূত হতে হতে  
একটি বছর অতিক্রম করে ।

যেদিন নারীত্বের সর্বশ্রেষ্ঠ আসন মাতৃত্ব লাভ  
সেদিন আর কিছুতেই মনকে মানাতে পারছিলাম না,  
তখন রাত্রির তিনটে —  
বুক ফেটে বেরুচ্ছে আগুনের গোলা ;  
বিধঘুটে অন্ধকারে একা ।  
পালে লিচু গাছে নিম পেঁচা ডাকছে

নিম নিম ।

নিস্তর ,  
নিশ্চূপ, পরিবেশ .....

একবার ঘরে শিশুটির মুখপানে

আরবার বাইরে কালো হাত ছালির কাছে ;

এরপর আরও তীব্র যন্ত্রনা — ‘পূর্ণিমা -অমানিশা’র

শেষে এক বিকট চিৎকার .....

## “আকাশ সংবাদ”-বৈষ্ণব

কুমার বিষ্ণু দে

অধ্যাপক বাংলা বিভাগ  
এন. বি. কলেজ, বরদপুর

তুমি কী দেখছো ?  
তুমি দেখছো হেঁটে যাচ্ছে একটি বক ,  
জ্বলজ্বলে চোখ খুঁজছে শিকার ।  
তুমি কি অন্তর্যামী ?  
মেঘ না চাইতেই দিয়ে যাও জল ;  
দিলে জল, ঢলে পড়ল দুটি সূর্য ।  
তুমি কী করছিলে তখন ?  
তুমি কি দিনের আকাশে গুনছিলে রাতের তারা ?  
“না ভুল বোঝো না  
এক একটা ভুল বোঝা  
যে কোনো যুদ্ধের চেয়েও বেশি ক্ষয়ক্ষতি আনে।”  
সাত বছর আগে মনের আকাশে উঠেছে প্রবতারা  
আজও সে উজ্বল, কল্পনার রঙে রঙিন ।



## মডাৰ্ন

সোমো দাস

প্ৰবন্ধ, বাংলা বিভাগ

ব্যস্ততা শুধু ব্যস্ততা  
একী এক যান্ত্ৰিক জীবন ?  
হয়ে উঠেছি আমরা সব যন্ত্র ।  
নেই সময় কলম ধরে দুটো কথা লেখার .....  
চিঠি লিখব ! ওতো ওল্ড ফ্যাশন ।  
হাতে আছে মোবাইল করে দেব এস. এম. এস ।  
না হলে করব ইন্টারনেটে চ্যাটিং ,  
আমি যে মডাৰ্ন দিতে তার পরিচয় ।  
আমি ব্যস্ত, সময় নেই । সময় নেই  
বসে বৃষ্টি দেখার, পাখির ডাক শোনার ।  
বাড়িতে আছে হোমথিয়েটার,  
ওতে যে বাড়ে আমার প্ৰেস্টিজ ।  
আমি যে ব্যস্ত, খুবই ব্যস্ত ।



## আশায়

মোঃ ইক্ৰামুল হুছেইন  
স্নাতক ৩য় বর্ষ

তোমাকে পাওয়ার আশায় ছিলাম পথ চেয়ে  
বুক ভরা আশা নিয়ে  
কল্পনায় রচনা করা সুমধুর স্বপ্ন  
বাস্তবে রূপ দিতে ।  
আমার সেই মধুর স্বপ্ন  
করেছিলে তুমি চুরমার ।  
ভালোবাসার বকলে তুমি দিয়েছিলে  
হৃদয়ে বেদনা উপহার ।  
কখনও আমি ভাবিনি  
তুমি যে হবে নিষ্ঠুর  
এর কারণ আমি খুঁজে পাইনি ,  
কেন হলে তুমি কঠোর ,  
তোমার কঠোর হৃদয়  
আমাকে মৃত্যু মুখে নিয়ে চলেছে ।

খাগৰিজান মহাবিদ্যালয়ৰ ছাত্ৰ একতা সভা ২০০৫-২০০৬ বৰ্ষৰ  
বিষয়ববীয়াসকলৰ বাৰ্ষিক প্ৰতিবেদন

Md. Nitul Siraj Khan

## Vice President's Report

Before presenting my report , I would like to pay homage all the martyrs who have sacrificed their lives for Assam . My hearty thanks are also to those persons who have worked for the establishment of our college.

I would like to offer my warmest regards to our honourable Ex. Principal. Dr. Badal Chandra Ghosh, Principal –in – charge Prof. Lutfur Rahman , Cultural -in-charge Prof. Sri. K.C. Maji, Magazine –in-charge Prof . Sri. Jonaram Nath, Game –in –charge Prof. Mainul Hoque Akanda, Sri Prinku Sharma (G. Sec) , entire teaching staff, Office staff, members of the Union Body, and all the students of our college for their full co-operation in discharging my duties as Vice President .

As vice-president our first programme is Annual College Week with Prize Distribution then Environmental work tour at Kaziranga National Park on the first week of January . We were celebrate 'Saraswati Puja' ; 'Srimanta Sankardev Tithi'; ' Republic Day'; 'independence Day' ; 'Teachers Day'; 'Foundation Day' of our college on 12 th September ; 'Freshman's Social Ceremony two days '

I am happy to express my efforts for development of college by serving as vice-president – the work was embankment of the college was repair with one Lack of rupees section E.N.D Nagaon Division .

We also observe one week as Green Plantation where all the teachers and all the students of our college help us.

Moreover our teaching stuff teach us carefully, dedicaly and always creat a good atmosphere for learning.

I am also express my best wish for the success of our college magazine 'Amritdhara'. Before I come to end my report again I like to thanks all and my heartiest thanks to those who give me the opportunity to serve as a vice – president.

"Long Live Khagarijan College".  
"Long Live Khagarijan College Student Union".  
"Joy Ai Asom".

## সাধাৰণ সম্পাদকৰ প্ৰতিবেদন

প্ৰতিবেদনৰ আৰম্ভণিতে ঐতিহাসিকিত খাগবিজান মহাবিদ্যালয়ৰ অধ্যক্ষ, শিক্ষাগুৰু সকললৈ সশ্ৰদ্ধ আৰু সহস্ৰ প্ৰণাম, ভাই-ভনী আৰু সহকৰ্মী সকলক আন্তৰিক অভিনন্দন জ্ঞাপন কৰিছো।

পদ মানুহে কামৰ বাবে লয়, কিন্তু কাম কৰিব নোৱাৰিলে পদৰ মূল্য কি? খাগবিজান মহাবিদ্যালয়ৰ সাধাৰণ সম্পাদকৰ দায়িত্ব মোৰ হাতত অৰ্পন কৰাৰ কাৰণে জয় জয়তে শ্ৰদ্ধেয় শিক্ষাগুৰু আৰু মোৰ মৰমৰ বন্ধু-বান্ধৱ, ভাই-ভনী তথা মহাবিদ্যালয়ৰ কৰ্তৃপক্ষক আন্তৰিক শ্ৰদ্ধা জ্ঞাপন কৰিছো আৰু মই সেই সকল ব্যক্তিক শত সহস্ৰ প্ৰণিপাত জনাইছো যি সকল ব্যক্তিৰ সু-প্ৰচেষ্টাত খাগবিজান মহাবিদ্যালয়ে জ্ঞানৰ প্ৰদীপ জ্বলাবলৈ সক্ষম হৈছে। ২০০৩ চনত মই খাগবিজান মহাবিদ্যালয়ত উঃ মাঃ প্ৰথম বৰ্ষত নামভৰ্তি কৰো। মই তেতিয়া মহাবিদ্যালয়ত প্ৰথম খোজ দিছিলো তেতিয়া মহাবিদ্যালয়ৰ অবস্থা খুবোই পুতৌ লগা। পুথিভঁড়ালৰ অভাৱ, প্ৰেক্ষাগৃহৰ অভাৱ, বান্ধপানীৰ সমস্যাকে ধৰি এশ এবুৰি সমস্যাই মহাবিদ্যালয়ক ভাৰক্ৰান্ত কৰিছে যদিও সেই সিদিনা অসমৰ মাননীয় মুখ্যমন্ত্রী শ্ৰীযুত তৰুণ গগৈ ডাঙৰীয়াৰ নেতৃত্বত মাননীয় মন্ত্রী শ্ৰীযুত বৰ্জেন ডাঙৰীয়াৰ প্ৰচেষ্টাত ১০ (দহ) লাখ টকাৰ যি অনুদান লাভ কৰিছিল সি আছিল মহাবিদ্যালয়খনৰ বাবে কিছু সকাহ।

আমাৰ দিনত কি কি কাম হৈছিল সেইটো ডাঙৰ কথা নহয়, আমি ছাত্ৰ সভাই যে একতাবে নিয়াৰিকৈ কামবোৰ কৰিবলৈ সুবিধা পাইছিলো আৰু কৰিব পাৰিছিলো মোৰ কাৰ্যকালত বিশেষভাৱে সহায় আগবঢ়োৱা ছাত্ৰ একতা সভাৰ প্ৰতিজন সদস্যৰ কাৰ্য আছিল উৎসাহ জনক। শেষত মহাবিদ্যালয়ৰ নবাগত সকলক আন্তৰিক শুভেচ্ছা জ্ঞাপন কৰিছো আৰু ঐতিহাসিকিত মহাবিদ্যালয়খনৰ উন্নতিৰ কামনা কৰিলো।

শ্ৰী পিয়াৰু শৰ্মা



## তৰ্ক সম্পাদকৰ প্ৰতিবেদন

প্ৰতিবেদনৰ পাতনিতে দেশ আৰু জাতিৰ হকে বিভিন্ন সময়ত প্ৰাণ দিয়া মহান শ্ৰদ্ধীদসকলক শ্ৰদ্ধা আৰু স্মৰণ কৰাৰ লগতে যিসকল মহান ব্যক্তিৰ প্ৰচেষ্টাত খাগবিজান মহাবিদ্যালয়খনে জন্মগ্ৰহণ কৰিছিল সেই সকললৈও মই শ্ৰদ্ধা আৰু ভক্তি নিবেদন কৰিছো।

প্ৰতিবেদনৰ এইখিনিতে খাগবিজান মহাবিদ্যালয়ৰ সমূহ ছাত্ৰ-ছাত্ৰীয়ে মোৰ দৰে এজন অজ্ঞ ছাত্ৰক মহাবিদ্যালয়খনৰ বৌদ্ধিক বিকাশৰ লগত শুভঃপ্ৰোতঃভাৱে জড়িত “তৰ্ক আৰু আলোচনী ক্ৰে” এই বিভাগটোৰ সম্পাদক বুলি স্বীকৃতি দিয়াৰ কাৰণে মই তেখেত সকলক আন্তৰিক কৃতজ্ঞতা আৰু ধন্যবাদ জ্ঞাপন কৰিছো।

আমাৰ কাৰ্যকালৰ আৰম্ভণিতে অনুষ্ঠিত কৰা হয় “মহাবিদ্যালয় সপ্তাহ সমাৰোহ”। মহাবিদ্যালয় সপ্তাহ সমাৰোহত আমাৰ বিভাগৰ অধীনত কুইজ, আৰুভি, আকস্মিক বক্তৃতা, তৰ্ক আদি প্ৰতিযোগিতা যথাসম্ভৱ সফল ভাৱে অনুষ্ঠিত কৰিবলৈ প্ৰয়াস কৰিছিলো। কিমানদূৰ সফল হৈছে। সেয়া ছাত্ৰ-ছাত্ৰীৰ বিচাৰ্য।

শেষত মোক বিভিন্ন ক্ষেত্ৰত সহায় কৰা বন্ধু-বান্ধৱ, ছাত্ৰ একতা সভাৰ সদস্যসকল তথা তত্ত্বাবধায়ক অধ্যাপিকা জয়শ্ৰী বাইদেউৰ লগতে সকলো শিক্ষাগুৰুসকললৈ মোৰ কৃতজ্ঞতা জ্ঞাপন কৰিলো।

মোঃ আমিনুল ইছলাম

